# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Magh 14, 1430 Bangla, January 28, 2024, Sunday, No. 28, 54th year

# H I G H L I G H T S

Hungary and Kyrgyzstan have extended greetings to Sheikh Hasina on her re-appointment as the Prime Minister of Bangladesh. (Jago FM : 14)

Awami League General Secretary Obaidul Quader says, as the election game is over, now there will be a new game against communalism, militancy-terrorism and corruption. (Jago FM : 15)

Foreign Minister says, BD's security forces along Myanmar border remain alert amid growing tensions in neighbouring country. Adds, this situation has a negative impact on repatriation initiative of Rohingyas. (VOA: 07)

BNP Standing Committee Member Gayeshwar Chandra Roy says, only seven percent people voted in the election. The remaining 93% people are in favor of BNP. It has been proved through this election. (BBC : 03)

BNP will hold a black flag march on January 30, demanding cancellation of 12th national parliament, protest against increase in commodity prices, release of party chairperson Khaleda Zia & other prisoners. (Jago FM : 15)

Nagarik Oikya Convener Mahmudur Rahman Manna says, govt. is going through a crisis. Adds, economic situation of country is getting worse day by day. Even food products cannot be imported.(Jago FM : 15)

State Minister for Commerce says, if there is a sufficient supply of goods, none will hoard them. Warns, dishonest traders will be remanded if price of rice is increased unreasonably on pretext of price hike. (R. Tehran : 09)

Education Minister comments that the ongoing debate about the story Sharif to Sharifa of class seven History and Social Science book is motivated by political motives. (R. Today: 12)

Gas crisis in industrial factories of Ctg region is not over yet. Production of 4 fertilizer factories including the state-owned Chittagong Urea Fertilizer Limited is stopped or disrupted due to gas crisis. (VOA: 08)

According to a report of Road Safety Foundation, at least 6,524 people were killed and 11,407 injured in 6,911 crashes in 2023 across the country. (R. Today: 12)

In a report of Aachol Foundation says, at least 513 students killed themselves across BD in 2023. Girls' students accounted for 60.2 percent of all deceased. More upsettingly, 44.2 per cent were school students. (DW: 10)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ১৪, বাংলা ১৪৩০, জানুয়ারি ২৮, ২০২৪, রবিবার, নং- ২৮, ৫৪তম বছর**

# শিরোনাম

আবারো প্রধানমন্ত্রী হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন হাঙ্গেরির প্রধানমন্ত্রী ও কিরগিজস্তানের প্রেসিডেন্ট। (জাগো এফএম : ১৪)

নির্বাচনের খেলা শেষ, এখন খেলা রাজনীতির। দুর্নীতির বিরুদ্ধে, সাম্প্রদায়িকতার বিরুদ্ধেও খেলা হবে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। (জাগো এফএম : ১৫)

মিয়ানমার সীমান্তে বাংলাদেশের নিরাপত্তা বাহিনী সতর্ক অবস্থানে রয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন, রোহিঙ্গাদের প্রত্যাবাসন উদ্যোগের ওপর এই উত্তেজনাকর পরিস্থিতির নেতিবাচক প্রভাব রয়েছে। (ভোয়া : ০৭)

বিএনপির স্থায়ী কমিটির সভাপতি গয়েশ্বর চন্দ্র রায় বলেন, "নির্বাচনে মাত্র সাত শতাংশ মানুষ ভোট দিয়েছে। বাকি ৯৩ ভাগ মানুষ বিএনপির পক্ষে। সেটি এই নির্বাচনের মাধ্যমে প্রমাণিত হয়েছে,। (বিবিসি : ০৩)

দ্বাদশ জাতীয় সংসদ বাতিল, দ্রব্যমূল্যের উর্ধ্বগতির প্রতিবাদ, দলের চেয়ারপারসন খালেদা জিয়াসহ সব রাজবন্দির মুক্তির দাবিতে আগামী ৩০ জানুয়ারি, মঙ্গলবার কালো পতাকা মিছিল করবে বিএনপি। (জাগো এফএম : ১৫)

সরকার সম্পূর্ণভাবে সংকটের মধ্য দিয়ে চলছে বলে মন্তব্য করেছেন নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না। মান্না বলেন, দেশের অর্থনৈতিক পরিস্থিতি দিন দিন খারাপ হচ্ছে। এমনকি খাদ্যপণ্যও আমদানি করা যাচ্ছে না।' (জাগো এফএম : ১৫)

বাণিজ্য প্রতিমন্ত্রী বলেছেন, পণ্যের সরবরাহ পর্যাপ্ত থাকলে কেউ মজুতদারি করতে পারবে না। তিনি বলেন, ধানের দাম বাড়ার অজুহাত দেখিয়ে অযৌক্তিকভাবে চালের দাম বাড়ানো হলে অসাধু ব্যবসায়ীদের রিমান্ডে নেওয়া হবে। (রে. তেহরান: ০৯)

সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ে অন্তর্ভুক্ত গল্প শরীফ থেকে শরিফা নিয়ে যে বিতর্ক চলছে তা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। (রে. টুডে : ১২)

চট্টগ্রাম অঞ্চলের শিল্প কারখানায় গ্যাস সংকট এখনো কাটেনি। গত ৯ দিন ধরে গ্যাস সরবরাহ না থাকায় চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেডসহ ৪টি সার কারখানার উৎপাদন বন্ধ থাকছে অথবা ব্যাহত হচ্ছে। (ভোয়া: ০৮)

২০২৩ সালে সারাদেশে ৬৯১১ টি সড়ক দুর্ঘটনায় ৬৫২৪ জন নিহত হয়েছে এবং আহত হয়েছেন ১১৪০৭ জন বলে জানিয়েছে রোড সেফটি ফাউন্ডেশন। (রে. টুডে : ১২)

বাংলাদেশে এক বছরে আত্মহত্যা করেছেন ৫১৩ জন শিক্ষার্থী। যাদের মধ্যে ৬০ ভাগেরও বেশি নারী শিক্ষার্থী। আরো উদ্বেগের বিষয়, যারা আত্মহত্যা করেছেন তাদের মধ্যে ৪৪ ভাগেরও বেশি স্কুল শিক্ষার্থী। বেসরকারি স্বেচ্ছাসেবী সংগঠন `আচঁল ফাউন্ডেশন' তাদের এক জরিপে এই তথ্য প্রকাশ করেছে। (ডয়চে ভেলে: ১০)

# বিবিসি

## `ভারত-চীনের সার্টিফিকেট নিয়েও সাত পার্সেন্ট ভোট পায়নি আওয়ামী লীগ,

তিন মাস পর হাতে কালো পতাকা নিয়ে আবারো রাস্তায়ে নেমেছে বাংলাদেশের সরকার বিরোধী প্রধান রাজনৈতিক দল বিএনপি। এই কর্মসূচি থেকেই সংসদ বাতিলের দাবিতে ৩০ জানুয়ারি আবারো কর্মসূচি ঘোষণা করে নির্বাচন বর্জন করা এই দলটি। বিএনপির এই কর্মসূচির প্রতিবাদে আগের মতোই পাল্টা শান্তি সমাবেশে করেছে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ। এসময় ৩০ জানুয়ারি বিএনপির কালো পতাকা মিছিলের বিরুদ্ধে লাল সবুজ পতাকা নিয়ে পাল্টা কর্মসূচি ঘোষণা করেছে ক্ষমতাসীন দলটি। শনিবার দুপুরে নয়াপল্টন কেন্দ্রীয় কার্যালয়ের সামনে থেকে কর্মসূচি শুরুর আগে বক্তব্য দেন বিএনপির কেন্দ্রীয় নেতারা। যেখানে তারা দাবি করেন, ”ভারত-চীনের সার্টিফিকেট নিয়েও সাত পার্সেন্ট ভোট পায়নি আওয়ামী লীগ।„ বিএনপির স্থায়ী কমিটির সভাপতি গয়েশ্বর চন্দ্র রায় এসময় বলেন, ”এই নির্বাচনে মাত্র সাত শতাংশ মানুষ ভোট দিয়েছে। বাংলাদেশের বাকি ৯৩ ভাগ মানুষ বিএনপির পক্ষে। সেটি এই নির্বাচনের মাধ্যমে প্রমাণিত হয়েছে।„ ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার পদত্যাগ না করা পর্যন্ত কর্মসূচি পালন করে যাওয়ার ঘোষণা দেয়া হয় বিএনপির এই কর্মসূচি থেকে। আর এর জবাবে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, ”বিএনপির আন্দোলন মানুষ মানে না। ৪১ দশমিক আট পার্সেন্ট ভোটারের ভোটে শেখ হাসিনার সরকার নির্বাচিত হয়েছে।„ দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, দলীয় চেয়ারপার্সন খালেদা জিয়াসহ কারাবন্দী নেতাকর্মীদের মুক্তি, সংসদ বাতিলের দাবিতে এই কর্মসূচি ঘোষণা করা হয় গত সপ্তাহে।

বিএনপির ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ একসাথে এই কর্মসূচি পালন করে। কর্মসূচি উপলক্ষ্যে নয়াপল্টনের দলীয় কার্যালয়ের সামনে মঞ্চ তৈরি করা হয়। এতে অংশ নিতে সকাল থেকেই রাজধানী ঢাকাসহ আশপাশের জেলাগুলো থেকে বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা আসতে শুরু করেন নয়াপল্টনের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে। সেখানে গিয়ে দেখা যায়, প্রায় সবার হাতেই ছিল কালো পতাকা। কেউ কেউ দলের চেয়ারপার্সন খালেদা জিয়াসহ কারাবন্দীদের মুক্তির দাবি জানিয়ে প্ল্যাকার্ড হাতে নিয়ে অংশ নেন সমাবেশে। দুপুর দুইটায় কর্মসূচির সময় থাকলেও বেলা ১২টা থেকেই প্রধান কার্যালয়ের সামনে মিছিল নিয়ে অনেকেই জড়ো হতে থাকেন। স্লোগান দেন দ্বাদশ সংসদ নির্বাচন বাতিল ও কেন্দ্রীয় নেতাদের মুক্তির দাবি জানিয়ে। দুপুর দুইটার পরপরই কাকরাইলের নাইটেঙ্গেল মোড় থেকে ফকিরাপুল এলাকা পর্যন্ত রাস্তার এক পাশে যান চলাচল বন্ধ হয়ে যায়।

নির্বাচনের আগে গত বছর অক্টোবর পর্যন্ত কর্মসূচিগুলোতে বিএনপি নেতাকর্মীদের উপস্থিতি যেমন ছিল, তিন মাস পর এই কর্মসূচিতে সেই তুলনায় নেতাকর্মীদের সংখ্যা ছিল কম। ২৮ অক্টোবরের সেই কর্মসূচির পর গ্রেফতার হয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ বেশ ক'জন কেন্দ্রীয় নেতা। দলীয় কার্যালয়ের সামনে ট্রাকের ওপর যে মঞ্চ তৈরি করা হয়েছে সেখানে কেন্দ্রীয় নেতাদের অনেকেই ছিলেন অনুপস্থিত। দুপুর দুইটায় মোনাজাতের মাধ্যমে শুরু হয় কর্মসূচি। পরে সংক্ষিপ্ত সমাবেশ শেষে কালো পতাকা মিছিল করে বিএনপি। মিছিলটি নাইটেঙ্গেল মোড় হয়ে ফকিরাপুল-আরামবাগ মোড় ঘুরে নয়াপল্টন কেন্দ্রীয় কার্যালয়ে গিয়ে শেষ হয়। বিএনপিকর্মী বশিরুল আলম টিটু এসেছিলেন এই কর্মসূচিতে যোগ দিতে। তিনি বিবিসি বাংলাকে বলেন, ”মামলা-হামলা নির্যাতনের পরও বিএনপি নেতাকর্মীদের আন্দোলনের মাঠ থেকে এক বিন্দুও সরাতে পারেনি আওয়ামী লীগ। বরং বিএনপির নির্বাচন বর্জনের ঘোষণায় সাধারণ মানুষ সাড়া দিয়েছে, এটাই বিএনপির আন্দোলনের সফলতা„।

বিএনপির কেন্দ্রীয় কমিটির সহসম্পাদক আনিসুর রহমান তালুকদার খোকন বিবিসি বাংলাকে বলেন, ”বিএনপি কর্মসূচির ডাক দিয়েছে। ভয়ভীতির পর এতো মানুষের উপস্থিতি প্রমাণ করে বিএনপি মানসিকভাবে ভেঙ্গে পড়েনি। নেতাকর্মীদের এই মনোবল আন্দোলনকে বেগবান করবে।„

”এই আন্দোলনে হঠাৎ করেই সরকারের পতন ঘটবে,„ এমন আশাবাদের কথা জানান মি. খোকন।

ছাত্রদল, যুবদল, স্বেচ্ছাসেবক দলের নেতাকর্মীরা অংশ নেন কালো পতাকা হাতে। পুনরায় নির্বাচনের দাবিতে অনেককেই স্লোগান দিতে দেখা যায়। স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় কমিটির প্রচার সম্পাদক জাকির হোসাইন বিবিসি বাংলাকে বলেন, ”কেন্দ্রীয় নেতাকর্মীদের মুক্তি এবং সরকারের পদত্যাগের একদফা দাবিতেই আমরা অনড় আছি। সেই দাবিকে সামনে নিয়েই আমরা কালো পতাকা মিছিল করছি।„

”তৃণমূল থেকে শুরু করে কেন্দ্র পর্যন্ত নেতাকর্মীরা জেল, জুলুম ও নির্যাতন শিকার হচ্ছে। তাদের জেল থেকে বের করে আনার চেষ্টা করছি। তাদেরকে বের করে আনার মধ্য দিয়ে নেতাকর্মীদের নতুন করে আশার সঞ্চার হবে,„ বিবিসিকে বলছিলেন মি. হোসাইন। সরকারের পদত্যাগ, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিসহ নানা ইস্যুতে বক্তব্য দেন বিএনপি নেতাকর্মীরা। সরকারের বিরুদ্ধে জনমত গড়ে তুলতে নতুন আন্দোলন কর্মসূচিও ঘোষণা করে দলটি। বিএনপির স্থায়ী কমিটির সদস্য আব্দুল মঈন খান বলেন, ”তারা প্রতিহিংসার রাজনীতি সৃষ্টি করেছে, দেশকে বিভাজন করেছে। আমরা জনগণকে সঙ্গে নিয়ে দেশের গণতন্ত্র ফিরিয়ে না আনা পর্যন্ত আন্দোলন চালিয়ে যাব। সরকারের বিদায় ঘণ্টা বাজাতে মাঠে নেমেছে বিএনপি।„

মি. খান বলেন, "দেশের সাধারণ মানুষ এই সরকারকে সম্পূর্ণভাবে প্রত্যাখ্যান করেছে। তারা গায়ের জোরে, পুলিশ দিয়ে, রাষ্ট্রীয় শক্তি দিয়ে যে নির্বাচন করেছে জনগণ তা চায়নি। এজন্য সাধারণ মানুষ নির্বাচন বর্জন করেছে। ক্ষমতার জন্য বিএনপি রাজনীতি করে না দাবি করে দলটির স্থায়ী কমিটির এই সদস্য বলেন, "বিএনপি একদলীয় শাসনের পরিবর্তন চায় একটিমাত্র কারণে, বাংলাদেশের মানুষ কখনো একদলীয় শাসন বরদাস্ত করেনি, করবেও না।„

বিএনপির এই কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন স্থায়ী কমিটির আরেক সদস্য গয়েশ্বর চন্দ্র রায়। তিনি বলেন, "দেশের স্বাধীনতা এখন প্রায় বিপন্ন। কয়েকটি দেশের সার্টিফিকেট নিয়ে নির্বাচন বৈধতা নেয়ার সুযোগ নেই। এটি জনগণের নয়, চীন-ভারত আর রাশিয়ার সরকার হচ্ছে আওয়ামী লীগ।„ গয়েশ্বর চন্দ্র রায় বলেন, "সংবিধান রক্ষার নয়, লুটপাট, দুর্নীতি আর পাচারের ধারাবাহিকতা রক্ষায় সাতই জানুয়ারি একতরফা নির্বাচন করেছে আওয়ামী লীগ।„

বিএনপির নেতৃত্ব নিয়ে আওয়ামী লীগের বিভিন্ন সময়ের বক্তব্যের জবাব দিতে দেখা গেছে দলটির নেতাদের। "বিএনপিকে ভয় দেখানোর কিছু নাই। পুলিশি পাহারা ছাড়া বের হতে পারে না আওয়ামী লীগ। মামলা দিয়ে কোনো লাভ হবে না„, বলেন মি. রায়। গয়েশ্বর চন্দ্র রায় বলেন, বর্তমান সরকার জনগণের নয়, চীন-রাশিয়া-ভারতের সরকার। তাই এই সরকারকে মানতে বাধ্য নয় জনগণ। পরিষ্কার কথা, দেশের সমস্যা দেশের মানুষই সমাধান করবে। বাংলাদেশের মানুষ যদি স্বীকৃতি না দেয় তবে বিদেশিদের সার্টিফিকেটে লাভ হবে না বলেও মন্তব্য করেন বিএনপির স্থায়ী কমিটির এ সদস্য। "দ্বিতীয় দফায় আন্দোলন শুরু হলো। বিজয় নিয়েই ঘরে ফিরবে জনগণ„, বলেন মি. রায়। এতে ঢাকা মহানগর, কেন্দ্রীয় কমিটির নেতা ও অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতারাও বক্তব্য দেন। যেখানে তারা নির্বাচন বাতিল করে নতুন ভোটের দাবি জানান। এছাড়াও দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরীসহ আটক নেতাকর্মীদের মুক্তির দাবি জানানো হয়।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন বাতিল ও পুনরায় নির্বাচনের দাবিতে আগামী ৩০ জানুয়ারি মঙ্গলবার সারাদেশের মহানগর, থানা, জেলা, উপজেলা, ইউনিয়ন ও পৌরসভায় আবারো কালো পতাকা মিছিলের কর্মসূচি ঘোষণা করেন গয়েশ্বর চন্দ্র রায়। বিএনপির এর আগের কর্মসূচি ঘিরে আইনশৃঙ্খলা বাহিনীর যে তৎপরতা ও প্রস্তুতি দেখা যেতে এবার তার খুব একটা চোখে পড়েনি। নাইটেঙ্গেল মোড় ও ফকিরাপুল মোড়ের দুই পাশে নিরাপত্তার দায়িত্বে পুলিশ সদস্যদের দেখা গেছে। এছাড়া নয়াপল্টন কেন্দ্রীয় কার্যালয়ের ঠিক উল্টো পাশে সারিবদ্ধভাবে অবস্থান করতে দেখা যায় পুলিশ সদস্যদের। আইনশৃঙ্খলা রক্ষায় র‍্যাব কিংবা অন্য কোনো বাহিনীর সদস্যদের উপস্থিতি, কিংবা কঠোর কোনো নিরাপত্তা বলয়ও ছিল না এই কর্মসূচি ঘিরে। একই দিন যুগপৎ ভাবে কর্মসূচি পালন করে সমমনা কয়েকটি দল। বেলা এগারোটায় বিজয়নগর পানির ট্যাংকের সামনে থেকে মিছিল করে এলডিপি। সাড়ে ১২টায় একই জায়গায় মিছিল করে ১২ দলীয় জোট।

বেলা একটায় জাতীয় প্রেসক্লাবের সামনে থেকে মিছিল করে জাতীয়তাবাদী সমমনা জোট। অন্যদিকে বেলা সাড়ে ৩ টায় মতিঝিল নটরডেম কলেজের উল্টো দিক থেকে মিছিলে অংশ নেয় গণফোরাম ও পিপলস পার্টি। গত প্রায় এক বছর ধরে বিএনপি আন্দোলনের যে সব কর্মসূচি পালন করেছে তার বিপরীতে একই দিন একই সময় নানা কর্মসূচি দিয়ে মাঠে ছিল ক্ষমতাসীন আওয়ামী লীগ। ২৮ অক্টোবরের তিন মাস পর শনিবার বিএনপি কালো পতাকা নিয়ে মিছিল কর্মসূচি ঘোষণা করলে এর বিরুদ্ধে পাল্টা শান্তি সমাবেশ ঘোষণা করে আওয়ামী লীগ। ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগ এই কর্মসূচির ঘোষণা করে। এতে প্রধান অতিথি হিসেবে যোগ দেন ক্ষমতাসীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে দুপুরের পর থেকেই আসতে শুরু করেন নেতাকর্মীরা। আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এ সময় বিএনপি নেতাদের বক্তব্যের জবাব দেন। ওবায়দুল কাদের বলেন, "ভারত-চীন ও রাশিয়া আওয়ামী লীগকে ক্ষমতায় বসায়নি। তারা কেবল বন্ধু রাষ্ট্র। জনগণের ভোটে ক্ষমতায় এসেছে আওয়ামী লীগ।„ এসময় মি. কাদের বলেন, "বিদেশিদের ভয় দেখায়। ৪১ দশমিক ৮ পার্সেন্ট ভোটারের ভোটে শেখ হাসিনা সরকার নির্বাচিত হয়েছে। এটা জনগণের সরকার। কোনও বিদেশিদের সরকার নয়।„ বিএনপির কর্মসূচির সমালোচনা করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, "তারা কালো পতাকা মিছিল করে। কালো পতাকা মানে কী, শোকের মিছিল। কালো পতাকা ভুয়া। বিএনপির নেতাকর্মীরা হতাশ। তারা আর তারেকের ফরমায়েশি কথায় কান দেয় না। খেলা একটা হয়ে গেছে, নির্বাচনের খেলা শেষ। এখন খেলা হবে রাজনীতির।„ দ্রব্যমূল্য শিগগিরই নিয়ন্ত্রণে আসবে বলেও প্রত্যাশার কথা জানান মি. কাদের। আগামী ৩০ জানুয়ারি সংসদের প্রথম অধিবেশনের দিন বিএনপির কর্মসূচির বিপরীতে একই সময় পাল্টা কর্মসূচি ঘোষণা করে ক্ষমতাসীন দলটির সাধারণ সম্পাদক। তিনি বলেন, "আগামী ৩০ জানুয়ারি বিএনপি কালো পতাকা মিছিল ডেকেছে। সেদিন আওয়ামী লীগ নেতাকর্মীরা প্রস্তুত থাকবেন। সারাদেশে লাল সবুজ পতাকা নিয়ে শান্তি ও গণতন্ত্র মিছিল করা হবে।„
(বিবিসি ওয়েব পেজ : ২৭.১.২৪ রিহাব)

## সংসদ অধিবেশনের কয়েকদিন আগেও যেসব বিষয় নিয়ে অস্পষ্টতা

দ্বাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের আর মাত্র কয়েক দিন বাকি থাকলেও এখনো এই সংসদের বেশ কিছু বিষয় অমীমাংসিত রয়েছে। সংসদের বিরোধীদল কারা হবে সেটি নিয়ে নানা আলোচনা আছে। এছাড়া স্বতন্ত্র প্রার্থীরা আদৌ কোনো জোট করবে কি না, সংসদের সংরক্ষিত নারী আসনের ভাগ-বাটোয়ারাই বা কীভাবে হবে তা নিয়েও আছে নানা প্রশ্ন। আওয়ামী লীগের বাইরে সবচেয়ে বেশি আসন পাওয়া স্বতন্ত্র প্রার্থীদের মধ্যে বেশিরভাগই বলছেন, সংসদে বিরোধীদল নয়, বরং আওয়ামী লীগের এমপি হিসেবে অংশ নিতে চান তারা। আগামী রোববার স্বতন্ত্র প্রার্থীদের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি বৈঠক হওয়ার কথা রয়েছে। মূলত এই বৈঠকের পরই বিরোধীদলে কারা থাকছেন সেটি চূড়ান্তভাবে জানা যাবে বলে মনে করা হচ্ছে।

যদিও আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, সংসদে জাতীয় পার্টিই বিরোধীদল হবে। বিরোধী দল কারা হবেন সেটি নির্ধারণ করা স্পিকারের এখতিয়ার হলেও এখনো কোনো দলকে বিরোধীদল হওয়ার আহ্বান জানাননি স্পিকার শিরিন শারমিন চৌধুরী। আগামী ৩০শে জানুয়ারি বিকেলে নতুন সংসদের প্রথম অধিবেশন বসার কথা রয়েছে। গত ১৫ই জানুয়ারি রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন এই অধিবেশন আহ্বান করেছেন। স্বতন্ত্র প্রার্থী হিসেবে যারা নির্বাচিত হয়েছেন তাদের বেশিরভাগই আওয়ামী লীগের রাজনীতির সাথে জড়িত। নিজ নির্বাচনি এলাকায় আওয়ামী লীগের কমিটিতে পদও রয়েছে এদের অনেকেরই। তাই তাদের মধ্যে বেশিরভাগই সংসদে আওয়ামী লীগের সাথেই অন্তর্ভুক্ত হতে চান। রংপুর-৫ আসনে নির্বাচিত স্বতন্ত্র সংসদ সদস্য জাকির হোসেন সরকার। তিনি বিবিসি বাংলাকে বলেন, পারিবারিকভাবেই তিনি আওয়ামী লীগের রাজনীতির সাথে জড়িত। তার নির্বাচনি আসন মিঠাপুকুর উপজেলার আওয়ামী লীগের কমিটিতে গত ৩৭ বছর ধরে সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। তিনি এখনো রংপুর জেলা আওয়ামী লীগের কার্যনির্বাহী কমিটির সদস্য। এ কারণেই সংসদেও তিনি আওয়ামী লীগের সাথেই যুক্ত হতে চান বলে জানিয়েছেন। তিনি বলেন, ”এমপি হওয়ার সুযোগ হয়েছে। প্রধানমন্ত্রী বলেছেন যে, ইন্ডিপেনডেন্ট ক্যান্ডিডেট দাঁড়ালে আমাদের আপত্তি নাই, এবং যারা যেভাবে খুশি নির্বাচন করবে, তো সেই আলোকেই প্রার্থী হয়েছি। বিরোধীদল হতে চাই না।„ রংপুর-১ আসনের স্বতন্ত্র হিসেবে নির্বাচিত হয়েছেন আসাদুজ্জামান। তিনিও দীর্ঘদিন ধরেই আওয়ামী লীগের রাজনীতির সাথে যুক্ত। সংসদে বিরোধী দল নয় বরং আওয়ামী লীগের সাথে যুক্ত হতেই বেশি আগ্রহী তিনি। সেক্ষেত্রেও প্রধানমন্ত্রীর সিদ্ধান্তই মেনে নেবেন বলে জানিয়েছেন তিনি।

ময়মনসিংহ-৭ আসন থেকে স্বতন্ত্র সংসদ সদস্য হয়েছেন এ বি এম আনিসুজ্জামান। সংসদ নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী হতে তিনি ময়মনসিংহের ত্রিশাল পৌরসভার মেয়র পদ থেকে পদত্যাগ করেন। তিনি এখনো ময়মনসিংহ জেলা আওয়ামী লীগের কমিটির একজন সদস্য। তিনি বিবিসি বাংলাকে বলেন, ব্যক্তিগতভাবে সংসদেও আওয়ামী লীগই এমপি হিসেবে ফিরতে চান। বিবিসি এর আগেও কমপক্ষে আট জন স্বতন্ত্র সংসদ সদস্যের সাথে কথা বলেছিল, যাদের সিংহভাগই সেসময় জানিয়েছিলেন যে, সংসদে আওয়ামী লীগের এমপি হিসেবেই যোগ দিতে চান তারা। তবে আওয়ামী লীগের রাজনীতির সাথে জড়িত নন, এমন স্বতন্ত্র প্রার্থীরা অবশ্য বলছেন, তারা কোনো জোট বা আওয়ামী লীগে যোগ দেওয়ার পক্ষে নন। বরং সাধারণ স্বতন্ত্র প্রার্থী হিসেবেই সংসদে থাকতে চান তারা। সিলেট-৫ আসনের স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচিত হওয়া মাওলানা মোহাম্মদ হুছামুদ্দীন চৌধুরী মূলত ইসলামী ভাবধারার রাজনীতির সাথে জড়িত। আল-ইসলাহ নামে তার একটি দল রয়েছে। মি. চৌধুরী বলেন, ”আমি স্বতন্ত্র প্রার্থী। স্বতন্ত্র স্বকীয়তা নিয়ে থাকাটাই আমার জন্য ভালো।„ প্রধানমন্ত্রীর সাথে আসন্ন বৈঠকের কথা উল্লেখ করে তিনি বলেন, আপাতত তিনি সংসদে স্বতন্ত্র প্রার্থী হিসেবেই থাকতে চাইলেও প্রধানমন্ত্রী যা বলবেন সেটি বিবেচনা করেই চূড়ান্ত সিদ্ধান্তে যাবেন। ”উনি (প্রধানমন্ত্রী) আমাকে স্নেহ করেন, উনার সামনে গেলে উনি কী নির্দেশনা দেন বা উনার কী অভিমত, সেটি শুনে বিবেচনা করব।„

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এর আগে বলেন, স্বতন্ত্রদের আসন যতই থাকুক, দল হিসেবে জাতীয় পার্টির আসন বেশি থাকায় তারাই হবেন বিরোধী দল। তবে এ বিষয়ে এখনও আনুষ্ঠানিক কোনও ঘোষণা আসেনি। রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের কাছ থেকে যেহেতু এখনও পর্যন্ত জানা যাচ্ছে যে, জাতীয় পার্টিই বিরোধী দল হবে, তাই এটির ব্যত্যয় ঘটবে বলে তারা মনে করেন না। সাবেক সচিব আবু আলম মো. শহীদ খান ওবায়দুল কাদেরের বক্তব্যকে সামনে এনে বলেন, তিনি যেহেতু ক্ষমতাসীন দলের সাধারণ সম্পাদক এবং মুখপাত্র, এবং তিনি যেহেতু এরইমধ্যে একটি আভাস দিয়েছেন যে, জাতীয় পার্টি বিরোধী দল হবে, তাহলে তাদেরই বিরোধীদল হওয়ার সম্ভাবনা রয়েছে। যদিও এক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সিদ্ধান্তই চূড়ান্ত হবে বলে মনে করেন তিনি। রাজনীতি বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক জোবাইদা নাসরীন মনে করেন, নামকাওয়াস্তে বিরোধীদল চাইছে আওয়ামী লীগ। আর এর জন্য জাতীয় পার্টিকেই বেছে নেয়ার সম্ভাবনা বেশি। তিনি বলেন, ”তাদের (আওয়ামী লীগের) জন্য যেটি সুবিধা যে একটি মিউটেড বিরোধী দল কিংবা বিরোধীদলের সমর্থন থাকবে তাদের প্রতি এবং নামকাওয়াস্তে বিরোধী দল, সে হিসেবে জাতীয় পার্টির দিকেই তাদের মনোযোগ রয়েছে।„

স্বতন্ত্র প্রার্থীরা যদি কোনো জোট গঠন করে এবং তাদের সংখ্যা যদি জাতীয় পার্টির আসনের তুলনায় বেশি হয়, তাহলে সংসদের স্পিকার অনুমতি দিলে সেই জোটও বিরোধী দল হতে পারে। আবু আলম শহীদ খান বলেন, ”সংসদে যারা আছেন তারা সবাই একই ছাতার তলের মানুষ। আওয়ামী লীগের ২৪২ জন নৌকা মার্কা নিয়ে জিতেছেন, এর বাইরে ৬০ জন তারা অন্য মার্কা নিয়ে জিতেছেন কিন্তু তারা আওয়ামী লীগেরই অংশ, ১৪ দলের যে ক,জন জিতেছেন, তারা নৌকা মার্কা নিয়েই জিতেছেন। এর বাইরে জাতীয় পার্টি সিট অ্যাডজাস্টমেন্টের মধ্য দিয়ে এসেছে। এটা একটা দলের সংসদ।„ তাই এই সংসদে বিরোধীদলের বিষয়টা কতটা গুরুত্বপূর্ণ বা গুরুত্ব পাবে সেটা `ভাবনার বিষয়, বলে মনে করেন মি. খান। আওয়ামী লীগের পর দ্বাদশ জাতীয় সংসদে সবচেয়ে বেশি আসনে জয়ী হয়েছেন স্বতন্ত্র প্রার্থীরা। সংসদের মোট ৬০টি আসন পেয়েছেন তারা। এতো সংখ্যক আসন পেলেও তারা কোনো জোট গঠন করার ঘোষণা এখনও দেননি।

আবু আলম মো. শহীদ খান বলেন, স্বতন্ত্র প্রার্থীদের বেশিরভাগই এখনো আওয়ামী লীগের বিভিন্ন কমিটির পদে রয়েছেন। তারা দলের পদ ছাড়েননি এবং ছাড়তে চানও না। তারা দলের সাথেই যুক্ত হতে চান বলেও জানিয়েছেন। তাই তারা আলাদা একটি জোট বানাবেন এমন সম্ভাবনাও কম বলে মনে করেন মি. খান। তিনি বলেন, স্বতন্ত্র প্রার্থীরা যদি আওয়ামী লীগে যোগ দিয়ে দেন তাহলে তাদের উপর সংবিধানের ৭০ অনুচ্ছেদ প্রযোজ্য হবে। এই অনুচ্ছেদ অনুযায়ী, নিজ দলের বাইরে গিয়ে ভোট দিলে `ফ্লোর ক্রসিংয়ের, অভিযোগে তার সদস্য পদ বাতিল হওয়ার নিয়ম রয়েছে। তবে তারা যদি স্বতন্ত্র এমপি হিসেবেই থেকে যান তাহলে ৭০ অনুচ্ছেদ কার্যকর হবে না। সেক্ষেত্রে তারা কিছু কিছু বিষয়ে খোলা-মেলা কথা বলতে পারবেন। ”সেখানেও বটম লাইন (মূল কথা) হচ্ছে, তারা কতটা খোলা-মেলা কথা বলবেন এবং সেই খোলা-মেলা কথাও কতটা গ্রহণযোগ্য হবে,„ বলেন মি. খান।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক জোবাইদা নাসরীন বলেন, স্বতন্ত্র এমপিদের মধ্যে বেশিরভাগই আওয়ামী লীগের ছায়া প্রার্থী। তাদেরকে উৎসাহিত করা হয়েছে নির্বাচন করার জন্য। কাজেই স্বতন্ত্র প্রার্থীরা বিরোধী দলে যাবে বা যেতে পারবে বলে মনে করেন না তিনি। মিস নাসরীন মনে করেন, স্বতন্ত্র প্রার্থীদের ভূমিকাটা থাকবে আওয়ামী লীগের পক্ষেই। তাদের কোনো বিরোধিতা থাকবে না। জাতীয় পার্টি বিরোধী দল হলে তারা যেহেতু সংসদে ১১টি আসনের দখলে থাকবে, তাই তারা সংসদের সংরক্ষিত নারী আসনেও খুব বেশি ভাগ পাবেন না। এক বা দুটি আসন তারা পেতে পারেন। স্বতন্ত্র এমপিরা যদি কোনো জোট গঠন না করে, তারা যদি স্বতন্ত্র হিসেবেই থেকে যান তাহলে তারা সংরক্ষিত নারী আসনের ভাগ পাবেন না। এই আসনের ভাগ পেতে হলে তাদের জোট অবশ্যই গঠন করতে হবে বলে জানান আবু আলম মো. শহীদ খান। আর যদি এই এমপিরা আওয়ামী লীগে যোগ দেয়, তাহলে আওয়ামী লীগের মোট আসন আরো বেড়ে যাবে এবং সংরক্ষিত নারী আসনের প্রায় সবকটিই তাদের ভাগে থাকবে। সেক্ষেত্রে জাতীয় পার্টি বিরোধীদল হলেও তাদের আসন সংখ্যা থাকবে গুটি কয়েক মাত্র।

মি. খান বলেন, আসন সংখ্যাটাও যেমন গুরুত্বপূর্ণ তেমনি বিরোধী দল হিসেবে জাতীয় পার্টির অতীত ইতিহাসও খুব একটা জোরালো নয়। গত দুই নির্বাচনে জাতীয় পার্টি বিরোধী দল হলেও তাদের ভূমিকার কারণে তারা `গৃহপালিত বিরোধীদলের, তকমা পেয়েছে। ”বিরোধীদল হিসেবে যে রোল প্লে করার কথা, তারা সেটা কখনোই রাখেনি। তাই এগারো জন নিয়ে তারা কী ভূমিকা রাখবেন, সেটা দেখার বিষয়। কিন্তু তারা তেমন কোনো জোরালো ভূমিকা রাখবেন বলে আমি মনে করি না।„ সংরক্ষিত নারী আসনের ভাগ-বাটোয়ারায় জাতীয় পার্টিকে এক-দুইটি আসন নিয়েই সন্তুষ্ট থাকতে হবে বলে মনে করেন মিজ নাসরিন। কারণ হিসেবে তিনি উল্লেখ করেন, আওয়ামী লীগের সাথে জাতীয় পার্টির ২৬টি আসনে সমঝোতা হলেও শেষমেশ তারা ১১টি আসন পেয়েছে। তাই সংরক্ষিত নারী আসনের ক্ষেত্রেও একই ধরনের পদক্ষেপ নেয়া হবে বলে মনে করেন তিনি। ”এখানে আওয়ামী লীগ তাদের জায়গা থেকে ছাড় দিয়ে জাতীয় পার্টিকে সংরক্ষিত নারী আসন বেশি দিবে- এমনটা হওয়ার সুযোগ নেই। কারণ জাতীয় পার্টির রাজনীতি এখন অনেকটাই আওয়ামী লীগের রাজনীতির ওপর নির্ভর করছে„, বলেন মিস নাসরীন।

(বিবিসি ওয়েব পেজ : ২৭.১.২৪ রিহাব)

# ভয়েস অফ আমেরিকা

## পাকিস্তানের বিপক্ষে ৩৬ রানের জয় বাংলাদেশ নারী দলের

ত্রিদেশীয় অনূর্ধ্ব-১৯ নারী টি-টোয়েন্টি সিরিজে, পাকিস্তানকে ৩৬ রানে হারিয়েছে বাংলাদেশ নারী দল। শনিবার (২৭ জানুয়ারি) কক্সবাজারের শেখ কামাল আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে ত্রিদেশীয় সিরিজের দ্বিতীয় ম্যাচে, টানা দ্বিতীয় জয় পায় বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ নারী দল। টস জিতে, দিনের ম্যাচে প্রথমে ব্যাট করে ২০ ওভারে ৪ উইকেট হারিয়ে ১৩৬ রান সংগ্রহ করে বাংলাদেশ দল। অধিনায়ক সুমাইয়া আক্তার ২৪ বলে ৩২ রান করেন। এছাড়া বাংলাদেশের হয়ে আরবিন তানি ৩১, সুমাইয়া সুবর্ণা ২৪ ও রাবেয়া খান ২৩ রান করেন। বাংলাদেশের দুটি উইকেট নেন আনোশা নাসির। জবাবে ব্যাট করতে নেমে উদ্‌বোধনী জুটিতে ৫১ রান তুলে নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে মাত্র ১০০ রান তোলে পাকিস্তান। পাকিস্তানের হয়ে ওপেনার আইমান ফাতিমা ৩৯ এবং আরেক ওপেনার সামিয়া আফসার ২৫

রান করেন। আফিয়া আসিমা পাকিস্তানের ২টি এবং ফারিয়া আক্তার ও রাবেয়া খান ১টি করে উইকেট নেন। খেলা শেষে, ২৩ রান ও একটি উইকেট নেয়া স্পিনার রাবেয়া খান ম্যাচের সেরা খেলোয়াড় নির্বাচিত হন। এর আগে, বুধবার (২৫ জানুয়ারি) একই ভেন্যুতে ত্রিদেশীয় নারী টি-টোয়েন্টি সিরিজে, শ্রীলঙ্কাকে ৫ উইকেটে হারিয়ে ভালো সূচনা করে বাংলাদেশ। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৪ এলিনা)

## বিএনপি সংসদ অধিবেশনের দিন কালো পতাকা মিছিল করবে : গয়েশ্বর চন্দ্র রায়

নির্দলীয় সরকারের অধীনে নতুন নির্বাচনের দাবিতে, দ্বাদশ জাতীয় সংসদের অধিবেশনের প্রথম দিন সোমবার (৩০ জানুয়ারি) সারা দেশে কালো পতাকা মিছিল করবে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি। শনিবার (২৭ জানুয়ারি) নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে, পূর্বঘোষিত কালো পতাকা মিছিল শুরুর আগে নতুন এই কর্মসূচি ঘোষণা করেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়। তিনি বলেন, "অবৈধ ডামি সংসদ বাতিল করে, নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীনে নতুন জাতীয় সংসদ নির্বাচনের দাবিতে, আগামী ৩০ জানুয়ারি সব মহানগর, জেলা, উপজেলায় কালো পতাকা মিছিল বের করবে আমাদের দলের সব শাখা।„ জনগণকে সঙ্গে নিয়ে কর্মসূচি সফল করতে, বিএনপি নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান গয়েশ্বর চন্দ্র রায়। এর আগে, দুপুরে, দ্বাদশ জাতীয় সংসদ বাতিলের দাবিতে এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির প্রতিবাদে কালো পতাকা মিছিল কর্মসূচিতে যোগ দিতে, ঢাকার দুই মহানগরীর বিএনপি ও সহযোগী সংগঠনের হাজার হাজার নেতাকর্মী নয়াপল্টনে সমবেত হন। সংক্ষিপ্ত সমাবেশ শেষে বিকাল ৩টার দিকে কালো পতাকা মিছিল শুরু হয়। মিছিল রাজধানীর নাইটিঙ্গেল মোড় ও ফকিরাপুল মোড় হয়ে আরামবাগ মোড়ের কাছে গিয়ে শেষ হয়। একই দাবিতে শুক্রবার (২৬ জানুয়ারি) বিএনপির সব জেলায় একই ধরনের কর্মসূচি পালন করা হয়। গত ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর, এটা ছিলো বিএনপির প্রথম রাজপথের কর্মসূচি। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০১.২০২৪ এলিনা)

## কৌশলগত স্বার্থ নেই, তবে ঢাকা-সওল সম্পর্ক এগিয়ে নিতে হবে : পার্ক ইয়ং-সিক

বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং-সিক বলেছেন, ঢাকা ও সওল পারস্পরিক লাভজনক উপায়ে বিদ্যমান দ্বিপাক্ষিক সম্পর্ক আরো এগিয়ে নিতে পারে। শনিবার (২৭ জানুয়ারি) কসমস ডায়ালগে মূল বক্তব্য প্রদান করেন রাষ্ট্রদূত পার্ক ইয়ং-সিক। এ সময় তিনি বলেন, "ভারত, চীন বা যুক্তরাষ্ট্রের মতো দেশ নয় দক্ষিণ কোরিয়া। আর, বাংলাদেশে দক্ষিণ কোরিয়ার কেনো কৌশলগত স্বার্থ নেই।„ গত পাঁচ দশকে উভয় দেশের সম্পর্কের উন্নয়ন অর্জনের কথা তুলে ধরেন রাষ্ট্রদূত পার্ক ইয়ং-সিক। এই সম্পর্কের ওপর ভিত্তি করে আগামী ৫০ বছরকে আরো সমৃদ্ধ করার উদ্যোগ নেয়ার এখনই উপযুক্ত সময় বলে উল্লেখ করেন তিনি। দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত বলেন, "এ জন্য উভয় দেশকে উচ্চ পর্যায়ের যোগাযোগ বাড়াতে হবে।„ বাংলাদেশের সঙ্গে ১৯৭৩ সালে দক্ষিণ কোরিয়া কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে। এর পর থেকে দুই দেশ রাজনীতি, অর্থনীতি, সংস্কৃতি, উন্নয়ন সহযোগিতা এবং জনশক্তি বিনিময়ের মতো বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি করে আসছে। সম্প্রতি দ্বিপক্ষীয় বাণিজ্য ৩০০ কোটি ডলার ছাড়িয়ে গেছে। পুঞ্জীভূত অর্থের দিক থেকে বাংলাদেশে দক্ষিণ কোরিয়ার বিনিয়োগ পঞ্চম বৃহত্তম। (ভোয়া ওয়েব পেজ : ২৭.০১.২০২৪ এলিনা)

## মিয়ানমার সীমান্তে সতর্ক রয়েছে বাংলাদেশের নিরাপত্তা বাহিনী : হাছান মাহমুদ

মিয়ানমার সীমান্তে বাংলাদেশের নিরাপত্তা বাহিনী সতর্ক অবস্থানে রয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। শনিবার (২৭ জানুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে ব্রিটিশ পার্লামেন্টের একটি প্রতিনিধি দল। সাক্ষাৎ শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে এ কথা জানান হাছান মাহমুদ। "মিয়ানমারের রাখাইনে উত্তেজনাকর পরিস্থিতি হঠাৎ করে নয়, বেশ কিছুদিন ধরেই চলছে। আমাদের সীমান্তরক্ষীরা অনেক আগে থেকেই সতর্ক অবস্থানে রয়েছে;„ বলেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। এক প্রশ্নের জবাবে হাছান মাহমুদ জানান, মিয়ানমারের শরণার্থীদের বিষয় নিয়ে ব্রিটিশ প্রতিনিধি দলের সঙ্গে আলোচনা হয়েছে। তাদের জানানো হয়েছে, রোহিঙ্গাদের মিয়ানমারে প্রত্যাবাসনই একমাত্র সমাধান, এর কোনো বিকল্প নেই। "এটিই একমাত্র স্থায়ী সমাধান। সেটা আমি তাদের বলেছি, তারা আমার সঙ্গে একমত হয়েছেন;„ যোগ করেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। আরেক প্রশ্নের জবাবে ড. হাছান মাহমুদ বলেন, রোহিঙ্গাদের প্রত্যাবাসন উদ্যোগের ওপর এই উত্তেজনাকর পরিস্থিতির নেতিবাচক প্রভাব রয়েছে। তিনি বলেন, "তবে আমরা সবসময় আন্তর্জাতিক সম্প্রদায়ের সহায়তা চেয়েছি। আমরা মনে করি আন্তর্জাতিক সম্প্রদায় আমাদের সঙ্গে আছে।„ আন্তর্জাতিক সম্প্রদায়ের পক্ষ থেকে যদি মিয়ানমারের ওপর চাপ প্রয়োগ করা হয়, তাহলে তারা তাদের নাগরিকদের ফিরিয়ে নিতে বাধ্য হবে বলে উল্লেখ করেন হাছান মাহমুদ। তিনি উল্লেখ করেন, যেসব বাস্তুচ্যুত রোহিঙ্গা এসেছে, তাদের কারণে বাংলাদেশে নানা ধরনের সমস্যা তৈরি হয়েছে। এ বিষয়ে ব্রিটিশ পার্লামেন্ট প্রতিনিধি দলের সঙ্গে আলোচনা হয়েছে বলে জানান তিনি। বলেন, "আমাদের এখানে নিরাপত্তা ও পরিবেশগত সমস্যাসহ বহুমাত্রিক সমস্যা তৈরি হচ্ছে। ইতোমধ্যে রোহিঙ্গা শরণার্থীদের কারণে আমরা

ভারাক্রান্ত। প্রতি বছর ৩৫ হাজার শিশু জন্মগ্রহণ করছে।„ "সেসময় মানবিক কারণে আমরা তাদের আশ্রয় দিয়েছি। আমরা মনে করি মিয়ানমারের পরিস্থিতি উত্তরণের মাধ্যমেই সমস্যার সমাধান সম্ভব;„ বলেন ড. হাছান মাহমুদ। আরেক প্রশ্নের জবাবে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী বলেন, "আমরা মিয়ানমার সরকারের সঙ্গে যোগাযোগ করছি। কিছুদিন আগে ন্যাম সম্মেলনে মিয়ানমারের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে আমার বৈঠক হয়েছে। সেখানেও আলোচনা হয়েছে।„ ফিলিস্তিন ইস্যুতে আন্তর্জাতিক যুদ্ধাপরাধ আদালতের (আইসিজে) রায় সম্পর্কে পররাষ্ট্রমন্ত্রী বলেন, "আইসিজে যে রায় দিয়েছে, সে রায়কে আমরা স্বাগত জানাই। আমরা দক্ষিণ আফ্রিকার আপিলকে সমর্থন জানিয়েছি।„ "ফিলিস্তিনে যে গণহত্যা হয়েছে; তা আইসিজের রায়ে বলা হয়েছে। সেখানে গণহত্যা বন্ধ করার কথা বলা হয়েছে। ফিলিস্তিনে গণহত্যা, মানবতার বিরুদ্ধে যে অপরাধ হচ্ছে; তা বন্ধ করার ক্ষেত্রে এই রায় সহায়ক হবে;„ উল্লেখ করেন ড. হাছান মাহমুদ। ব্রিটিশ পার্লামেন্ট প্রতিনিধিদের সৌজন্য সাক্ষাৎ বিষয়ে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী জানান, যুক্তরাজ্য বাংলাদেশের সঙ্গে সম্পর্ক উন্নয়ন ও গভীরতর করার উদ্দেশ্যে বাংলাদেশ সফরে এসেছে প্রতিনিধি দল। বাংলাদেশের পার্লামেন্টের সঙ্গে যাতে যুক্তরাজ্য পার্লামেন্টের সম্পর্ক আরো ঘনিষ্ঠ করার বিষয়টিও তাদের উদ্দেশ্যের মধ্যে একটি; জানান হাছান মাহমুদ। ড. হাছান বলেন, "বাংলাদেশে আরো বিনিয়োগ করতে আমি তাদের অনুরোধ করেছি। বিশেষ করে বেসরকারি উদ্যোক্তা, যারা বাংলাদেশে বিনিয়োগ করার সামর্থ্য রাখে তাদের প্রতি অনুরোধ জানিয়েছি।„ পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেন, বাংলাদেশের সঙ্গে যুক্তরাজ্যের সম্পর্ক অত্যন্ত গভীর। যুক্তরাজ্য বাংলাদেশের একটি বড় উন্নয়ন অংশীদার এবং দেশটির অনেক প্রত্যক্ষ বিনিয়োগ আছে। বাংলাদেশে দ্বিতীয় বৃহত্তম বিনিয়োগকারী দেশ হলো যুক্তরাজ্য। (ভোয়া ওয়েব পেজ : ২৭.০১.২০২৪ এলিনা)

## বাংলাদেশের ৪ সার কারখানায় উৎপাদন ব্যাহত

বাংলাদেশের চট্টগ্রাম অঞ্চলের শিল্প কারখানায় গ্যাস সংকট এখনো কাটেনি। গত ৯ দিন ধরে গ্যাস সরবরাহ না থাকায়, রাষ্ট্রায়ত্ত সার কারখানা চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড (সিইউএফএল)সহ চারটি সার কারখানার উৎপাদন বন্ধ থাকছে অথবা ব্যাহত হচ্ছে। অন্য তিনটি সার কারখানা হলো; কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানি (কাফকো), সিইউএফএল এর ডিএপি-১ ও ডিএপি-২ ইউনিট। গ্যাস বিপণন সংস্থা কর্ণফুলী ডিস্ট্রিবিউশন (কেজিডিসিএল) সূত্র বলছে, শনিবার (২৭ জানুয়ারি) কাফকো সীমিত আকারে উৎপাদন শুরু করেছে; তবে অন্য তিনটির উৎপাদন শুরু হয়নি। গ্যাস সংকটের পাশাপাশি কারখানাগুলোয় চলমান কারিগরি সমস্যাকে উৎপাদন বন্ধ হওয়ার কারণ হিসেবে উল্লেখ করেছে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন (বিসিআইসি)। জানা গেছে, গত ১৯ জানুয়ারি সকাল থেকে কক্সবাজারের মহেশখালীতে তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) ফ্লোটিং স্টোরেজ অ্যান্ড রিগ্যাসিফিকেশন ইউনিটে (এফএসআরইউ) কারিগরি ত্রুটি দেখা দেয়। এ কারণে চট্টগ্রামে গ্যাস সরবরাহ বন্ধ হয়ে যায়। দুই দিন পর আবাসিক গ্রাহকদের গ্যাস সরবরাহ শুরু হয়। তবে, শিল্প কারখানায় গ্যাস সংকট থেকেই যায়। গ্যাসের চাপ পুরোপুরি স্বাভাবিক না হওয়া পর্যন্ত ভারী শিল্প কারখানাগুলোকে বন্ধ রাখতে বলা হয়। ফলে, গত ৯ দিন ধরে চট্টগ্রামের বড় বড় শিল্প কারখানায় উৎপাদন বন্ধ রয়েছে। গ্যাসের সরবরাহ স্বাভাবিক হলে আবার কারখানা চালু হবে বলে জানান, সিইউএফএলের কর্মকর্তারা। সিইউএফএলের ব্যবস্থাপনা পরিচালক মো. মিজানুর রহমান বলেন, গ্যাস সংকটের কারণে গত ১৯ জানুয়ারি রাত থেকেই সিইউএফএল কারখানা বন্ধ রাখা হয়েছে। বন্ধের আগ পর্যন্ত সিইউএফএল থেকে প্রতিদিন ১২০০ টন ইউরিয়া সার উৎপাদন করা হতো। বাংলাদেশে সার উৎপাদনে বড় ভূমিকা রাখে কাফকো ও সিইউএফএল। কেবলমাত্র কাফকো থেকেই বছরে প্রায় সাড়ে পাঁচ লাখ টন সার বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের গুদামে পাঠানো হয়।

বাংলাদেশে মোট ২৭ লাখ টন ইউরিয়া সারের চাহিদা রয়েছে। এই চাহিদার ১০ লাখ টন দেশীয় কারখানাগুলো উৎপাদন করে। বাকি ১৭ লাখ টন কাফকো থেকে নেয়া হয় ও বিদেশ থেকে আমদানি করা হয়। গ্যাস বিপণনকারী সংস্থা কর্ণফুলী ডিস্ট্রিবিউশন (কেজিডিসিএল) সূত্র বলছে, প্রথমে কারিগরি সমস্যার কারণে চট্টগ্রামের কাফকো ও সিইউএফএল এর কারখানাগুলো বন্ধ রাখা হয়, পরে গ্যাস সংকটে ব্যাহত হয় উৎপাদন। গ্যাস সরবরাহ শুরু হওয়ার পর, আবার কারিগরি সমস্যায় বন্ধ হয় উৎপাদন। চট্টগ্রামে মোট গ্যাসের চাহিদা ৩০ থেকে ৩২ কোটি ঘনফুট। এর মধ্যে শিল্প কারখানায় দৈনিক গ্যাসের চাহিদা রয়েছে ৮ থেকে ১০ কোটি ঘনফুট। চাহিদার দুই–তৃতীয়াংশ পরিমাণ গ্যাসও পাচ্ছে না কারখানাগুলো। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর চট্টগ্রাম কার্যালয়ের তথ্য অনুযায়ী, সিরামিকস ছাড়া চট্টগ্রামে নিবন্ধন করা কারখানা আছে ৪ হাজার ৯৪৯টি। এর মধ্যে ১ হাজার ২৪টি পোশাক কারখানা, বাকি ৩ হাজার ৯২৫টি নন-আরএমজি কারখানা। আর ছোট-বড় মিলিয়ে চট্টগ্রামে ইস্পাত কারখানা রয়েছে ২৯টি। অন্যদিকে সিমেন্ট কারখানা আছে ৮টি। গ্যাস সরবরাহ বন্ধ থাকায়, এসব কারখানায় উৎপাদন ব্যাহত হয়েছে। বাংলাদেশের অন্য অঞ্চলে দেশের গ্যাসকূপ থেকে সরবরাহ দেয়া হয়। ফলে সেসব অঞ্চলে গ্যাসের সংকট খুব বেশি নেই। চট্টগ্রাম অঞ্চলে গ্যাস সরবরাহ করা হয় এলএনজি টার্মিনাল থেকে । তাই এলএনজি টার্মিনালে সমস্যা হলেই চট্টগ্রামে গ্যাসের সংকট দেখা দেয়। কেজিডিসিএল সূত্র জানায়, প্রতিষ্ঠানটির ১ হাজার ২০০ এর বেশি শিল্পগ্রাহক

রয়েছে। এর মধ্যে বিএসআরএম, জিপিএইচ ইস্পাতসহ বড় বড় কারখানা আছে ১৫ থেকে ২০টি। এর বাইরে সিইউএফএল, কাফকো, ডিএপি সার কারখানা ও রাউজান ও শিকলবাহায় দুইটি করে চারটি পাওয়ার প্ল্যান্ট আছে। সরকারি এই সাতটি প্রতিষ্ঠানসহ সবগুলো শিল্প কারখনা ও আবাসিক গ্রাহককের গ্যাসের চাহিদা প্রায় ৩০০ মিলিয়ন ঘনফুট। এ ছাড়া বেসরকারি শিল্প কারখানা ও আবাসিক গ্রাহকদের চাহিদা প্রতিদিন প্রায় ১৫০ মিলিয়ন ঘনফুট। মহেশখালীতে স্থাপন করা দুটি এলএনজি টার্মিনাল থেকেই গ্রাহকদের এই গ্যাস সরবরাহ করা হয়। ইতোমধ্যে শনিবার ভোর থেকে কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানির (কাফকো) উৎপাদন শুরু হয়েছে বলে জানিয়েছেন প্রতিষ্ঠানটির কর্মকর্তা। বাকি ৩টি প্রতিষ্ঠানের সার উৎপাদন বন্ধ রয়েছে। বিপণনকারী সংস্থা কর্ণফুলী ডিস্ট্রিবিউশনের মহাব্যবস্থাপক প্রকৌশলী আমিনুর রহমান বলেন, গ্যাসের প্রেশারের এখন কোনো সমস্যা নেই। আমাদের সাধারণ যেসব গ্রাহক রয়েছে; শিল্প প্রতিষ্ঠান, বাণিজ্যিক ও বাসাবাড়ি, তাদের স্বাভাবিকভাবেই গ্যাসের সরবরাহ দেয়া হচ্ছে। ”তবে, যারা বাল্ক গ্রাহক, যেমন বিদ্যুৎকেন্দ্র ও সার কারখানা, সেগুলোর মধ্যে কাফকোকে স্বল্প পরিমাণ করে গ্যাস দেয়া হচ্ছে। কারণ উপর থেকে নির্দেশনা এসেছে;„ জানান প্রকৌশলী আমিনুর রহমান।
(ভোয়া ওয়েব পেজ : ২৭.০১.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## শেষ মুহূর্তের প্রস্তুতিতে সরগরম অমর একুশে গ্রন্থ মেলা, শুরু পহেলা ফেব্রুয়ারি

বাংলাদেশে আর কিছুদিন পরেই শুরু হচ্ছে ২১ শে বইমেলা। সে উপলক্ষ্যে প্রস্তুতি চলছে বেশ জোরেশোরেই। বাংলা একাডেমি প্রাঙ্গণ ও সোহরাওয়ার্দী উদ্যানজুড়ে এখন বইমেলার স্টল তৈরির ব্যস্ততা। এ সম্পর্কে এখন রয়েছে ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধির পাঠানো প্রতিবেদন :

বাঙালির প্রাণের উৎসব অমর একুশে বইমেলার বাকি আর মাত্র কয়েকদিন। তাই বাঙালির প্রাণের আয়োজন অমর একুশে বইমেলার প্রস্তুতি চলছে জোরেসোরেই। বাংলা একাডেমি প্রাঙ্গণ ও সোহরাওয়ার্দী উদ্যানজুড়ে এখন বইমেলার স্টল তৈরির ব্যস্ততা। পাঠক দর্শনার্থীদের আকর্ষণ বাহারি কারুকার্যে সাজানো হচ্ছে বিভিন্ন প্রকাশনীর স্টল। ব্যস্ত সময় পার করছেন নির্মাণ শ্রমিকরা। প্রকাশকের চাহিদা অনুযায়ী নির্দিষ্ট নকশায় তৈরি হচ্ছে কাঠামো। একাধিক কাজ পাওয়ায় নির্ধারিত সময়ে শেষ করতে শ্রমিকও বাড়িয়েছেন অনেকেই। মূল মঞ্চের কাজও চলছে জোরেশোরে। জনৈক শ্রমিক (স্বকণ্ঠে) : কাজ চলছে, হ্যাঁ খুব ভালো লাগছে। আনন্দের সাথেই আমরা কাজ করছি। অনেক লোকজন কাজ করছে। বেশি মানুষের মধ্যে কাজ করতে অনেক ভালো লাগে। জনৈক শ্রমিক (স্বকণ্ঠে) : মেলার কাজ প্রতিবছর করি না কিন্তু তাও প্রায় ২৫ বছর। 'পড় বই গড় দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ, এবার ফেব্রুয়ারি মাসের প্রথম দিনেই অমর একুশে বইমেলায় শুরু হচ্ছে নবযাত্রা। আগামী ১ ফেব্রুয়ারি বিকাল ৩টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বশরীরে উপস্থিত থেকে মেলা উদ্‌বোধন করবেন। দর্শনার্থীদের সুবিধায় বাংলা একাডেমি প্রাঙ্গন ও সোহরাওয়ার্দী উদ্যানকে ৪টি স্তরে সাজানো হচ্ছে। থাকছে ডিজিটাল দিক-নির্দেশনা। এবারের বইমেলায় ৫৭৩টি প্রতিষ্ঠানকে ৭০৪ ইউনিট ও ৩৮ টি প্যাভিলিয়ন বরাদ্ধ দিয়েছে বাংলা একাডেমী। এ নিয়ে প্রকাশক ও স্টলমালিকদের রয়েছে নানা প্রতিক্রিয়া। জনৈক ব্যক্তি (এক) : ১ তারিখের আগেই যেন পূর্ণাঙ্গ একটা ঝলমলে একটা উজ্জ্বল মেলা সবাইকে উপহার দিতে পারি। জনৈক ব্যক্তি (দুই) : আশা করি প্রত্যেকবারের মতোই ভালো চলবে। ইয়াং জেনারেশন এখন বেশ বই পড়ে এবং তারা ফেসবুক, ইউটিউব চ্যানেলে তারা বেশ গল্প, কবিতা এগুলো শোনে। সাংস্কৃতিক অনুষ্ঠান ও মাসব্যাপী সেমিনারের পাশাপাশি শিশু-কিশোরদের জন্য ছবি আঁকা, সংগীত ও আবৃত্তি প্রতিযোগিতার ব্যবস্থা থাকবে এই বই মেলায়। রমনা কালী মন্দিরের পাশে সাধুসঙ্গ এলাকায় স্থাপন করা হবে `শিশু চত্বর,। এদিকে বর্তমান পরিস্থিতি এবং বইমেলা এলাকায় মেট্রোরেল পরিচালনার ফলে সৃষ্ট চ্যালেঞ্জ বিবেচনায় মেলার নিখুঁত নিরাপত্তা নিশ্চিত করছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। জনৈক ব্যক্তি (স্বকণ্ঠে) : যাতায়াত ব্যবস্থার অনেক উন্নয়ন করেছে বর্তমান সরকার বহুদূর থেকে অন্তত মিরপুর এয়ারপোর্ট, এসব এলাকা থেকে মেট্রোরেলে অনেক লোক পাঠক বই কিনতে আসবে। এরকম একটা আভাস অলরেডি আমাদের কাছে চলে আসছে। তবে বইমেলা মাঠের ভেতরে ও বাইরে ডিএমপি ইউনিফর্ম এবং সাদা পোশাকে পর্যাপ্ত সংখ্যক পুলিশ সদস্য মোতায়েন করা হবে। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২৭.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## পণ্যের সরবরাহ পর্যাপ্ত থাকলে কেউ মজুত করতে পারবে না : বাণিজ্য প্রতিমন্ত্রী

বাংলাদেশের বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু বলেছেন, পণ্যের সরবরাহ পর্যাপ্ত থাকলে কেউ মজুতদারি করতে পারবে না। তিনি সতর্ক করে দিয়ে বলেন, ধানের দাম বাড়ার অজুহাত দেখিয়ে অযৌক্তিকভাবে চালের দাম বাড়ানো হলে প্রতিষ্ঠান সিলগালাসহ অসাধু ব্যবসায়ীদের রিমান্ডে নেওয়া হবে। বিস্তারিত জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের সংবাদদাতা :

পণ্যের সরবরাহ যদি পর্যাপ্ত থাকে তবে কেউ মজুতদারী করতে পারবে না বলে মন্তব্য করেছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। শনিবার সকালে টাঙ্গাইলের নাগরপুর উপজেলার সেলিমাবাদ, বলরামপুর ও নিশ্চিন্তপুর এবং

মানিকগঞ্জে চরকাটারী এলাকায় জিওব্যাগ দিয়ে যমুনা নদী তীর প্রতিরক্ষামুলক কাজের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, আসন্ন রমজান মাসসহ বছরের ১২ মাস দেশের প্রায় এক কোটি মানুষকে টিসিবির মাধ্যমে খাদ্য পণ্য সরবরাহ করবে সরকার (স্বকণ্ঠে) : পণ্যের সরবরাহ যদি আমরা নিশ্চিত করতে পারি তাহলে বাজারে কোনো ধরনের মজুতদারী যদি না হয়, আমাদের সাফিশিয়ান্ট পরিমাণে নিত্য প্রয়োজনীয় পণ্য আছে। এটায় কোনো সংকট হবে না। এদিকে, শনিবারে বরিশাল নগরীর চালের আড়ৎসহ খোলাবাজারে অভিযান পরিচালনা শেষে ব্যবসায়ীদের সাথে বৈঠক করেছেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক এএইচএম সফিকুজ্জামান। এসময় তিনি সাংবাদিকদের বলেন, ধানের দাম বাড়ার অজুহাত দেখিয়ে অযৌক্তিকভাবে চালের দাম বাড়ানো হলে প্রতিষ্ঠান সিলগালাসহ অসাধু ব্যবসায়ীদের রিমান্ডে নেয়া হবে। রমজানকে সামনে রেখে বাজার নিয়ন্ত্রণে সরকার তৎপর রয়েছে বলেও জানিয়েছেন তিনি। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২৭.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

### গাজায় গণহত্যা প্রতিরোধে ইসরায়েলকে অবশ্যই পদক্ষেপ নিতে হবে : আইসিজে

আন্তর্জাতিক বিচার আদালত বা আইসিজে, গাজা উপত্যকায় গণহত্যা প্রতিরোধে সবধরনের ব্যবস্থা গ্রহণ করতে ইসরায়েলকে নির্দেশ দিলেও অবিলম্বে যুদ্ধবিরতির আহ্বান জানায়নি। গত ডিসেম্বরে দক্ষিণ আফ্রিকার মামলা দায়েরের প্রেক্ষিতে গতকাল শুক্রবার হেগে এই অন্তর্বর্তীকালীন রায় দেয়া হয়। আইসিজে আরও বলেছে যে, ছিটমহলটির মানবিক পরিস্থিতির উন্নয়নে ইসরায়েলকে অবশ্যই ব্যবস্থা নিতে হবে। দক্ষিণ আফ্রিকার দাবি, ইসরায়েল গণহত্যা সনদ লঙ্ঘন করছে। দেশটি, গাজায় অবিলম্বে হামলা বন্ধ করতে অন্তর্বর্তীকালীন নির্দেশনা জারির জন্য আদালতের কাছে অনুরোধ জানালেও আদালত সেটি অগ্রাহ্য করেছে। আইসিজে'র এই নির্দেশনা বাস্তবায়ন করানোর কোন ক্ষমতা না থাকায় ইসরায়েল এই আদেশ পালন করবে কিনা তা স্পষ্ট নয়। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু, এই সিদ্ধান্তকে ইহুদি রাষ্ট্রটির বিরুদ্ধে "সুস্পষ্ট বৈষম্য" এবং তার দেশের আত্মরক্ষার অধিকার অস্বীকার করার একটি "জঘন্য" প্রচেষ্টা বলে অভিহিত করেন। তিনি আরও বলেন, হামাস বেসামরিক লোকজনদের মানব ঢাল হিসাবে ব্যবহার করলেও "আমরা মানবিক সহায়তা অব্যাহত রাখার পাশাপাশি বেসামরিক লোকজনের ক্ষয়ক্ষতি রোধ করতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখব।" (এনএইচকে ওয়েব পেজ : ২৭.০১.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে এক বছরে ৫১৩ শিক্ষার্থীর আত্মহত্যা, অধিকাংশই নারী

বাংলাদেশে এক বছরে আত্মহত্যা করেছেন ৫১৩ জন শিক্ষার্থী। যাদের মধ্যে ৬০ ভাগেরও বেশি নারী শিক্ষার্থী। আরো উদ্বেগের বিষয়, যারা আত্মহত্যা করেছেন তাদের মধ্যে ৪৪ ভাগেরও বেশি স্কুল শিক্ষার্থী। বেসরকারি স্বেচ্ছাসেবী সংগঠন `আঁচল ফাউন্ডেশন' শনিবার তাদের এক জরিপে এই তথ্য প্রকাশ করেছে। সংগঠনটি জানিয়েছে, আত্মহননকারীদের মধ্যে প্রায় ১০ ভাগ মানসিক সমস্যার কারণে এই পথ বেছে নিয়েছেন। আর জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার যৌথ গবেষণা বলছে কিশোর-কিশোরীদের প্রায় ১৩ ভাগ মানসিক রোগে আক্রান্ত। আর দেশের তিন কোটি মানুষ মানসিক রোগাক্রান্ত। আঁচল ফাউন্ডেশন তথ্য অনুযায়ী, ২০২৩ সালে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের ৫১৩ জন শিক্ষার্থী আত্মহত্যার পথ বেছে নিয়েছেন। তবে ২০২২ সালে এই সংখ্যা ছিলো ৫৩২ জন। সংগঠনটি জানিয়েছে, নারী শিক্ষার্থীদের মধ্যে আত্মহত্যার প্রবণতা সবচেয়ে বেশি। আত্মহননের পথ বেছে নেয়াদের মধ্যে ৬০ দশমিক ২ শতাংশ নারী শিক্ষার্থী। বিশ্ববিদ্যালয় ও কলেজের তুলনায় স্কুলমুখী শিক্ষার্থীদের মধ্যে আত্মহত্যার প্রবণতা বেশি লক্ষ্য করেছে তারা। তার পরিমাণ ৪৪ দশমিক ২ শতাংশ। ২০২৩ সালে যে ৫১৩ জন আত্মহত্যা করেছেন, তাদের মধ্যে রয়েছেন ২২৭ জন স্কুল শিক্ষার্থী, ১৪০ জন কলেজ শিক্ষার্থী, বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী ৯৮ জন এবং ৪৮ জন মাদরাসা শিক্ষার্থী।

আত্মহননকারীদের মধ্যে সবার শীর্ষে রয়েছে ঢাকা বিভাগের নাম। এই বিভাগের অন্তত ১৪৯ জন শিক্ষার্থী আত্মহত্যা করেছেন। এরপর চট্টগ্রাম বিভাগের ৮৯ জন, রাজশাহী বিভাগের ৭৭ জন, খুলনা বিভাগের ৬৪ জন শিক্ষার্থী আত্মহত্যা করেছেন। তালিকার পঞ্চম স্থানে যৌথভাবে রয়েছে বরিশাল ও রংপুর বিভাগের নাম। আত্মহত্যাকারী শিক্ষার্থীর সংখ্যা ৪৩ জন। ময়মনসিংহ বিভাগে ৩৬ জন এবং সিলেট বিভাগের ১২ জন শিক্ষার্থী আত্মহত্যার পথ বেছে নিয়েছেন। সাধারণভাবে আত্মহত্যার কারণ হিসাবে অভিমান, প্রেম, মানসিক সমস্যা, পারিবারিক কলহ, পারিবারিক নির্যাতন, পড়ালেখার চাপ, পরীক্ষায় ভালো ফল করতে না পারা, যৌন হয়রানি ও অপমান বোধের মত বিষয়গুলো উঠে এসেছে আঁচলের প্রতিবেদনে। সংগঠনটি জানিয়েছে, ১৩-১৯ বছর বয়সি ৩৪১ জন শিক্ষার্থী আত্মহত্যা করেছেন, যা মোট আত্মহননকারীর ৬৬ দশমিক ৫ ভাগ। আঁচল ফাউন্ডেশনের সভাপতি তানসেন রোজ ডয়চে ভেলেকে বলেন, ``২০২২ সালের সঙ্গে তুলনা করলে ২০২৩ সালে শিক্ষার্থীদের মধ্যে আত্মহত্যার প্রবণতা সামান্য কম। কিন্তু এটা আসলে কমার কেনো প্রবণতা নয়। সামনের বছর দেখা যাবে আবার বেড়ে গেছে। আত্মহত্যার কারণ দূর করার কেনো সামাজিক এবং

রাষ্ট্রীয় পদক্ষেপ আমরা দেখছি না।'' তিনি আরো বলেন, ``চূড়ান্ত হতাশা থেকেই আত্মহত্যার পথ বেছে নেয়। এর পেছনে অর্থনৈতিক, পারিবারিক ও সামাজিক কারণ আছে। সেগুলো এখনও বিদ্যমান। সমাজ ও রাষ্ট্রের যে অস্থিরতা, যারা এসব নিতে পারেন না তারাই আত্মহত্যার পথ বেছে নেয়। যারা বিশ্ববিদ্যালয়ে পড়েন বা পড়া শেষ করেছেন তাদের ওপর পরিবারের চাপ আছে চাকরি বা কর্মসংস্থানের। সমাজও তাদের নানা কথা বলে।'' কিশোর-কিশোরীদের সঙ্গে পরিবারের সদস্য এবং বাইরের লোকজনের সঙ্গে `জেনারেশ গ্যাপ' দিন দিন বাড়ছে জানিয়ে তানসেন রোজ বলেন, ``যা তাদের হতাশা ও আত্মহত্যার মূল কারণ।''

বাংলাদেশে এখন মোট জনগোষ্ঠীর ১৮ ভাগ মানসিক রোগে ভুগছেন। ২০২০ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) এক গবেষণায় বলা হয়, ওই হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের ৪৮ দশমিক ৪ ভাগ মানসিক রোগী। বিশ্ববিদ্যালয়ের মনোরোগবিদ্যা বিভাগ ৩৪৭ জন রোগীর ওপর গবেষণা করে ওই তথ্য প্রকাশ করেছে। ওই রোগীদের মধ্যে ১৬৮ জন কেনো না কোনোভাবে মানসিক রোগে ভুগছিলেন। পোশাক কর্মী এবং তরুণদের মানসিক স্বাস্থ্য নিয়ে কাজ করা প্রতিষ্ঠান `মনের বন্ধু' এর প্রতিষ্ঠাতা তৌহিদা শিরোপা। তিনি বলেন, ``পোশাক কর্মীদের ২০ ভাগ নানা ধরনের মানসিক চাপ ও উদ্বেগের মধ্যে থাকেন। তারা মূলত তাদের পরিবার, সন্তান ও তাদের ভবিষ্যত নিয়ে চাপে থাকেন। মানসিক অস্থিরতায় থাকেন। আর তরুণদের মধ্যে যারা নারী, তাদের ৫০ ভাগ এবং পুরুষদের ৩০ ভাগ এখন মানসিক অস্থিরতার মুখে আছেন।'' তিনি জানান, তরুণীরা মূলত নানা রকম অ্যাবিউজের মধ্য দিয়ে যান, যা তাদের মানসিকভাবে পীড়িত করে। আর তরুণেরা নানা ধরনের সামাজিক ও পারিবারিক চাপে পীড়িত হন।

জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক ডা. হেলাল উদ্দিন আহমেদ বলেন, ``২০০৫ ও ২০০৬ সালের গবেষণায় আমরা দেখেছি, তখন দেশের ১৬ শতাংশ মানুষ মানসিক রোগী ছিলেন। ২০১৮ সালে তা হয়েছে ১৮ শতাংশ। মানসিক রোগী বাড়ছে, তবে তার চেয়ে আত্মহত্যার হার বাড়ছে। এটা শুধু বাংলাদেশেই নয়, সারা পৃথিবীতেই বাড়ছে।'' কারণ হিসাবে তিনি দায়ী করেন, সামাজিক অস্থিরতা, বেকারত্ব, অসহিষ্ণুতার মাত্রা বেড়ে যাওয়া, পরমত সহিষ্ণুতার অভাব, মানুষের আত্মকেন্দ্রিকতা, মাদকাসক্তি এবং মানুষের যন্ত্র নির্ভরতাকে। এই মনোরোগ বিশেষজ্ঞ বলেন, ``আমাদের কাছে যে তরুণেরা মানসিক সমস্যা নিয়ে আসেন তাদের অধিকাংশই পারিবারিকভাবে বিচ্ছিন্ন হয়ে পড়েছেন বা তারা তাদের দক্ষতা দিয়ে টিকতে পারছেন না।'' মানসিক চাপই কাউকে কাউকে আত্মহত্যার দিকে ঠেলে দেয় জানিয়ে তিনি বলেন, ``আমাদের দেশে আত্মহত্যা ফৌজদারী অপরাধ ও পাপ হিসেবে গণ্য হয়। ফলে কারো মধ্যে কোনো কারণে আত্মহত্যার ইচ্ছা জাগলেও ভয়ে সে তা প্রকাশ করেন না। তাই আমাদের আইন ও মানসিকতার পরিবর্তন দরকার।'' (ডয়চে ভেলে ওয়েব পেজ : ২৭.১.২৪ রিহাব)

## রেডিও টুডে

### অচিরেই দ্রব্যমূল্য কমে যাবে; পুরো মন্ত্রিসভা নিয়ে কাজ করছেন শেখ হাসিনা: ওবায়দুল কাদের

আগামী ৩০ জানুয়ারি বিএনপির কালো পতাকা মিছিলের দিনে দেশের সব মহানগর জেলা ও উপজেলায় সমাবেশ কর্মসূচি ডেকেছে আওয়ামী লীগ। এ দিন লাল সবুজ পতাকা হাতে সারাদেশে শান্তি ও উন্নয়ন সমাবেশ করবে দলটি। শনিবার বিকেলে রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউতে দলের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের আয়োজিত শান্তি ও গণতন্ত্র সমাবেশ থেকে এই কর্মসূচির ঘোষণা করেন দলটির সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। ওবায়দুল কাদের বলেন চীন-ভারত-রাশিয়া বন্ধু হতে পারে তবে জনগণের ভোটে ক্ষমতায় এসেছে সরকার। দ্রব্যমূল্য অচিরেই কমে যাবে; পুরো মন্ত্রিসভা নিয়ে কাজ শুরু করেছেন শেখ হাসিনা। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৭.০১.২০২৪ রুবাইয়া)

### তৃপ্তি নিয়ে ঘরে ফিরলে হবে না; আমাদের রাজপথে কর্মসূচি পালন করে যেতে হবে: গয়েস্বর চন্দ্র

দ্বাদশ সংসদের প্রথম অধিবেশনের দিন আগামী ৩০ জানুয়ারি সারাদেশে কালো পতাকা মিছিল কর্মসূচির ঘোষণা করেছে বিএনপি। অবৈধ ডামি সংসদ বাতিল ও নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে জাতীয় সংসদ নির্বাচনের দাবিতে এই কর্মসূচি পালন করবে দলটি। আজ শনিবার রাজধানীর নয়া পল্টনে সংক্ষিপ্ত সমাবেশ ও কালো পতাকা মিছিল কর্মসূচি পালন করে বিএনপি। এরপর দলের স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় এই কর্মসূচির ঘোষণা করেন। দলের নেতাকর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন, তৃপ্তি নিয়ে ঘরে ফিরলে হবে না; আমাদের রাজপথে কর্মসূচি পালন করে যেতে হবে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৭.০১.২০২৪ রুবাইয়া)

### মায়ানমার সীমান্তে বিজিবির সদস্যরা সতর্ক রয়েছেন: পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ জানিয়েছেন মায়ানমার সীমান্তে বিজিবির সদস্যরা সতর্ক রয়েছেন। আজ শনিবার রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় সাবেক ব্রিটিশ এমপিদের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী বলেন মিয়ানমারে কয়েকদিন ধরে উত্তেজনা চলছে। আমাদের সীমান্তে বিজিবি সতর্ক অবস্থায় রয়েছে। হাছান মাহমুদ জানান রোহিঙ্গা

ইস্যুতে ব্রিটিশ পার্লামেন্ট প্রতিনিধি দলের সঙ্গে আলোচনা হয়েছে। রোহিঙ্গা প্রত্যাবাসনে আন্তর্জাতিক সম্প্রদায় আমাদের পাশে আছে। আমরা মনে করি রোহিঙ্গাদের ফেরাতে তাদের প্রচেষ্টা ও চাপ অব্যাহত থাকবে।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৭.০১.২০২৪ রুবাইয়া)

## বিএসএফ-এর গুলিতে বিজিবি সদস্য নিহতের ঘটনা জাতিসংঘের মাধ্যমে তদন্তের দাবি বিএনপির

যশোরে সীমান্ত এলাকায় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ-এর গুলিতে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবির সিপাহি মোঃ রইছ উদ্দিন নিহত হওয়ার ঘটনায় জাতিসংঘের মাধ্যমে তদন্তের দাবি জানিয়েছে বিএনপি। আজ শনিবার গণমাধ্যমে পাঠানো বিবৃতিতে বিএনপি'র জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবীর রিজভী দলের পক্ষ থেকে এই দাবি জানান। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৭.০১.২০২৪ রুবাইয়া)

## ২০২৩ সালে সারাদেশে ৬৯১১ টি সড়ক দুর্ঘটনায় ৬৫২৪ জন নিহত হয়েছে

রোড সেফটি ফাউন্ডেশন জানিয়েছে, ২০২৩ সালে সারাদেশে ৬৯১১টি সড়ক দুর্ঘটনায় ৬৫২৪ জন নিহত হয়েছে। আহত হয়েছেন ১১৪০৭ জন। আজ শনিবার সংস্থাটি রাজধানীর ধানমন্ডি কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে দুর্ঘটনা সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদনে বলা হয়েছে নিহতদের মধ্যে ১১২৮ জন শিশু যা মোট নিহতের ১৭.২৯ শতাংশ এবং ৯৭৪ জন নারী যা মোট নিহতের ১৪.৯২ শতাংশ। সংস্থাটি নয়টি জাতীয় দৈনিক, সাতটি অনলাইন নিউজ পোর্টাল, ইলেকট্রনিক্স গণমাধ্যম এবং সংস্থার নিজস্ব তথ্যের ভিত্তিতে প্রতিবেদনটি তৈরি করেছে।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৭.০১.২০২৪ রুবাইয়া)

## শরীফ থেকে শরিফা নিয়ে যে বিতর্ক চলছে তা রাজনৈতিক উদ্দেশ্যে প্রণোদিত: শিক্ষামন্ত্রী

সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বইয়ে অন্তর্ভুক্ত গল্প শরীফ থেকে শরিফা নিয়ে যে বিতর্ক চলছে তা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। শনিবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। নওফেল বলেন একটি বিশেষ কমিটি সমালোচনার বিষয়টি খতিয়ে দেখেছে। সংবিধান ও ধর্মীয় বিষয় আঘাত বা সংবেদনশীল কোনো বিষয় এই গল্পে থেকে থাকলে তা পুনরায় বিবেচনা করা হবে।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৭.০২.২০২৪ রুবাইয়া)

## রমজান মাসে দ্রব্যমূল্য মানুষের ক্রয়সীমার মধ্যে রাখতে সরকার কাজ করছে: কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুস শহীদ বলেছেন, আসন্ন রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য মানুষের ক্রয়সীমার মধ্যে রাখতে সরকার কাজ করছে। আমরা কয়েকদিন আগে অর্থমন্ত্রীর নেতৃত্বে পাঁচজন কেবিনেট মিনিস্টার বসেছিলাম। চালের যাতে মূল্যবৃদ্ধি না হয় সেই ব্যাপারে কঠোর পদক্ষেপ নেয়া হবে। প্রয়োজনে মজুদদারদের জেলে ঢোকানো হবে। তিনি বলেন আমরা মজুদদারদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেব এবং মজুদদারদের গ্রেফতার করে জেলে ঢোকাতে আমাদের কোনো অসুবিধা হবে না। শনিবার দুপুরে মৌলভীবাজারের শ্রীমঙ্গলের সদর ইউনিয়নের নওগাঁ গ্রামে কৃষকদের সঙ্গে এক উঠান বৈঠকে তিনি এসব কথা বলেন। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৭.০১.২০২৪ রুবাইয়া)

## প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা জানিয়েছে কিরগিজস্তান ও হাঙ্গেরি

টানা চতুর্থবার সরকার প্রধানের দায়িত্বভার গ্রহণ করায় আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন মধ্য এশিয়ার দেশ কিরগিজস্থান ও ইউরোপের দেশ হাঙ্গেরি। পৃথক শুভেচ্ছা বার্তায় হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিক্টর অরবান ও কিরগিস্থানের প্রেসিডেন্ট সাবির জাপারভ শেখ হাসিনাকে অভিনন্দন জানানোর পাশাপাশি তার সুস্থতা, সমৃদ্ধি ও রাষ্ট্রীয় কাজের সাফল্য কামনা করেন। শুভেচ্ছা বার্তায় বাংলাদেশের উন্নয়ন ও দায়িত্বশীল নীতির মাধ্যমে শেখ হাসিনা অঞ্চলের স্থিতিশীলতায় যে অবদান রেখেছেন তার প্রশংসা করেন হাঙ্গেরির প্রধানমন্ত্রী। অন্যদিকে প্রধানমন্ত্রীকে জানানো শুভেচ্ছায় কিরগিজস্থানের প্রেসিডেন্ট সাবির জাপারভ বলেন, আমি বিশ্বাস করি সরকার প্রধান শেখ হাসিনার কার্যক্রম দু'দেশের মধ্যে গুরুত্বপূর্ণ সম্পর্ক আরো জোরদার করবে এবং বাণিজ্য, অর্থনৈতিক বৈজ্ঞানিক, সাংস্কৃতিক এবং জনগণের ক্ষেত্রে বহুমুখী কিরগিজ-বাংলাদেশ সহযোগিতার উন্নয়নে অবদান রাখবে।
(রেডিও টুডে :১৩৪৫ ঘ. ২৭.০১.২০২৫ আসাদ)

## নির্বাচনের পর আবারও রাজপথের কর্মসূচিতে ফিরেছে বিএনপি ও আওয়ামী লীগ

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ২০ দিন পর প্রথমবারের মতো একই দিনে রাজধানীতে কর্মসূচি ডেকেছে ক্ষমতাসীন আওয়ামী লীগ ও রাজপথের বিরোধী দল বিএনপি। এর মাধ্যমে দীর্ঘ বেশ কিছুদিন পর আবার রাজপথে মুখোমুখি আওয়ামী লীগ ও বিএনপি। শনিবার দুপুর দুইটায় রাজধানীসহ সব মহানগরে কালো পতাকা মিছিল করবে বিএনপি। আর বিকাল তিনটায় বঙ্গবন্ধু এভিনিউয়ে শান্তি সমাবেশ করবে আওয়ামী লীগ। শুক্রবার ঢাকা দক্ষিণ মহানগর আওয়ামী লীগের দপ্তর সম্পাদক রিয়াজ উদ্দিন রিয়াজ-এর সই করা এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। অন্যদিকে দ্রব্যমূল্যের লাগামহীন উর্ধ্বগতি, বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়াসহ সব রাজবন্দিদের মুক্তির দাবিতে কালো

পতাকা মিছিল কর্মসূচির মধ্য দিয়ে রাজপথে ফিরেছে বিএনপি। এর আগে গতকাল শুক্রবার জেলায় জেলায় কালো পতাকা মিছিল করেছে দলটির নেতাকর্মীরা। (রেডিও টুডে :১৩৪৫ ঘ. ২৭.০১.২০২৫ আসাদ)

## জাতীয় পার্টির সংসদে বিরোধী দলের ভূমিকায় থাকবে : চুন্নু

স্বীকৃতি না দিলেও জাতীয় পার্টি সংসদে বিরোধী দলের ভূমিকায় থাকবে বলে জানিয়েছেন দলটির মহাসচিব মুজিবুল হক চুন্নু। শনিবার রাজধানীর বনানীতে দলের চেয়ারম্যান-এর কার্যালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। জাপা মহাসচিব বলেন সংসদের স্পিকার স্বীকৃতি দিলেও আমরা বিরোধী দল, না দিলেও আমরা বিরোধী দলের ভূমিকা পালন করব। এ সময় চুন্নু আরো বলেন, রওশন এরশাদকে সামনে রেখে নতুন কেউ কোনো দল করলে তাদেরকে স্বাগত জানাই। কেউ নতুন দল করলেও মূল জাতীয় পার্টির কিছু আসে যায় না বলে মন্তব্য করেন তিনি। (রেডিও টুডে :১৩৪৫ ঘ. ২৭.০১.২০২৫ আসাদ)

## পহেলা ফেব্রুয়ারি বাংলা একাডেমিতে বই মেলার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

প্রতি বছরের মতো এবারও ফেব্রুয়ারির প্রথম দিনে মাসব্যাপী দেশের বৃহত্তম বইমেলা ঐতিহাসিক অমর একুশে বইমেলা ২০২৪, শুরু হতে যাচ্ছে। আগামী ১ ফেব্রুয়ারি এই বইমেলার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অমর একুশে বইমেলা কমিটির সদস্য সচিব ড. কে এম মুজাহিদুল ইসলাম বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১ ফেব্রুয়ারি বিকেল ৩টায় বাংলা একাডেমি প্রাঙ্গণে এবং সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠেয় মেলার উদ্বোধন করবেন বলে আশা করা হচ্ছে। এ বছর মেলার পুরো কাজ বাংলা একাডেমি একাই করছে। এবার মেলায় ৫৭৩টি প্রতিষ্ঠানকে মোট ৮৯৫টি স্টল বরাদ্দ দেয়া হয়েছে। এর মধ্যে ৭৮৬টি সাধারণ স্টল এবং ১০৯টি স্টল লিটল ম্যাগাজিন চত্বরকে দেয়া হবে বলে জানান মুজাহিদুল। তাছাড়া এ বছর মোট ৩৭টি প্যাভিলিয়ন বরাদ্দ করা হয়েছে। গত বছর ৬০১টি প্রতিষ্ঠানের অনুকূলে ৯০১টি স্টল বরাদ্দ দেয়া হয়েছিল। (রেডিও টুডে :১৩৪৫ ঘ. ২৭.০১.২০২৫ আসাদ)

## শ্রম আইন লঙ্ঘন মামলার রায় বাতিল চেয়ে আপিল করবেন ড. মুহাম্মদ ইউনূস

শ্রম আইন লঙ্ঘন মামলার রায় বাতিল চেয়ে আপিল করবেন নোবেল জয়ী অর্থনীতিবিদ ড.মুহাম্মদ ইউনূস। একইসঙ্গে স্ব-শরীরে হাজির হয়ে জামিনও চাইবেন তিনি। এজন্য রোববার সকাল দশটায় শ্রম আপিল ট্রাইব্যুনালে যাবেন ড. মোহাম্মদ ইউনূস। এর আগে শ্রম আইন লঙ্ঘনের মামলায় গত পহেলা জানুয়ারি ৬ মাসের সাজা হয় ড. মুহাম্মদ ইউনূসের। তবে ৩০ দিনের মধ্যে আপিলের শর্তে জামিন পান ইউনূসসহ চারজন। সেই সময় সীমার মেয়াদ শেষ হবে ৩১ জানুয়ারি। ড. ইউনূসের আইনজীবী ব্যারিস্টার আব্দুল্লাহ আল মামুন জানান ২৪ জানুয়ারি দেশে ফিরেছেন ড. ইউনূস। খালাস চেয়ে আপিল করবেন ২৮ জানুয়ারি। একই দিনের শ্রম আপিল ট্রাইবুনালে হাজির হয়েও জামিন চাইবেন তিনি। (রেডিও টুডে :১৩৪৫ ঘ. ২৭.০১.২০২৫ আসাদ)

## দেশে আবারও বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর

দুই বিভাগসহ দেশের বাইশ জেলার উপর দিয়ে বয়ে যাচ্ছে মৃদু থেকে মাঝারি ধরনের শৈত্য প্রবাহ। যা অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। তবে নতুন করে দুঃসংবাদ দিয়েছে সংস্থাটি। তাপমাত্রা কমার পাশাপাশি রয়েছে বৃষ্টিপাতেরও সম্ভাবনা। শনিবার বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ মোহাম্মদ ওমর ফারুকের দেওয়া পূর্বাভাসে এই তথ্য জানায় সংস্থাটি। আজ সকালে দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে উত্তরের সীমান্ত ঘেষা জেলা পঞ্চগড়ের তেতুলিয়ায়। যা ছিল ৭.২ ডিগ্রি সেলসিয়াস। এছাড়া শনিবার সকাল ৯টায় রাজধানী ঢাকার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩ ডিগ্রি সেলসিয়াস। (রেডিও টুডে :১৩৪৫ ঘ. ২৭.০১.২০২৫ আসাদ)

## বগুড়ায় এনআরবিসি ব্যাংক থেকে ৯ লক্ষাধিক টাকা চুরি

বগুড়ায় এনআরবিসি ব্যাংকের উপশাখায় সিন্দুক কেটে ৯ লক্ষাধিক টাকা চুরি হয়েছে। শুক্রবার রাতে সদর উপজেলার শাখারিয়া ইউনিয়নের পল্লী মঙ্গলহাট এলাকায় এ ঘটনা ঘটে। দুর্বৃত্তরা ছাদ দিয়ে ব্যাংকে ঢুকে সিসি ক্যামেরার সংযোগ বিচ্ছিন্ন করার পর সিন্দুক কেটে টাকাগুলো নিয়ে যায়। সদর থানার ওসি সাইহান ওলিউল্লাহ জানান, ব্যাংকের ওই শাখায় ভল্ট, নিরাপত্তাকর্মী ও সিসি ক্যামেরা নেই। দুর্বৃত্তরা ভেতরের ক্যামেরার সংযোগ বিচ্ছিন্ন করে ও সিন্দুক ভেঙে টাকাগুলো নিয়ে গেছে। বাইরের ক্যামেরার ফুটেজ দেখে চোরদের শনাক্ত করার চেষ্টা চলছে। শনিবার দুপুর পর্যন্ত এ ঘটনায় জড়িত কাউকে গ্রেফতার ও টাকা উদ্ধার করা সম্ভব হয়নি। এনআরবিসি ব্যাংকের উপশাখার ব্যবস্থাপক রাশেদুল ইসলাম জানান, বৃহস্পতিবার বিকালে কাজ শেষে ৯ লক্ষাধিক টাকা সিন্দুকে রেখে চলে যান। পরে শুনতে পান দুর্বৃত্তরা সিন্দুক কেটে সব টাকা নিয়ে গেছে। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৭.০১.২০২৪ আসাদ)

## বিশ্বের দূষিত বাতাসের শহরের তালিকায় আজ ঢাকার অবস্থান ষষ্ঠ

বিশ্বের সবচেয়ে দূষিত বাতাসের শহরেগুলোর তালিকায় এখন শীর্ষে দশের মধ্যে ঘুরছে ঢাকা। নেই কোনো স্বস্তির খবর। শনিবার ১১০টি শহরের মধ্যে রাজধানীর অবস্থান শীর্ষ ৬ নম্বরে। সকাল আটটায় আবহাওয়ার মান পর্যবেক্ষণকারী সংস্থা এয়ার কোয়ালিটি ইনডেক্স সূচক থেকে এই তথ্য জানা গেছে। তালিকায় আজ সবার শীর্ষে

অবস্থান করছে দক্ষিণ-পূর্ব ইউরোপের দেশ বসনিয়া ও হারজেগোভিনার সারায়েভ শহরটি। শহরটিতে বাতাসের মানের স্কোর ৩২৩ যা নগরীর জন্য দুর্যোগপূর্ণ বা বিপজ্জনক। পাশাপাশি দুই নম্বরে থাকা প্রতিবেশী দেশ ভারতের রাজধানী দিল্লির বাতাসের মানের স্কোর ২৪৭। আর ছয় নম্বরে অবস্থান করা বাংলাদেশের রাজধানী ঢাকার বাতাসের মানের স্কোর ১৯১। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২৭.০১.২০২৭ আসাদ)

## জাগো এফএম

### প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন হাঙ্গেরি প্রধানমন্ত্রী ও কিরগিজস্তানের প্রেসিডেন্ট

আবারো প্রধানমন্ত্রী হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন হাঙ্গেরির প্রধানমন্ত্রী ও কিরগিজস্তানের প্রেসিডেন্ট। সম্প্রতি দেশ দুইটির প্রধান শেখ হাসিনাকে অভিনন্দন জানান। হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিক্টর অরবান তাঁর শুভেচ্ছা বার্তায়, তাঁর বিগত সময়ে বাংলাদেশের উন্নয়ন এবং শেখ হাসিনার দায়িত্বশীল নীতির মাধ্যমে এ অঞ্চলের স্থিতিশীলতায় যে অবদান রেখেছেন তার প্রশংসা করেন। অরবান বলেন, 'তিনি নিশ্চিত যে, শেখ হাসিনার প্রতি নতুন করে বাংলাদেশের জনগণের আস্থা জ্ঞাপন তাকে তার সাফল্য অব্যাহত রাখতে সক্ষম করবে।' তিনি আশ্বাস দিয়েছেন যে, তাঁর সরকার অর্ধশতাব্দীরও বেশি সময় ধরে বিদ্যমান তাদের সহযোগিতাকে আরো গভীর করতে ভবিষ্যতে একটি প্রতিশ্রুতিবদ্ধ উপায়ে কাজ করে যাবে। হাঙ্গেরির প্রধানমন্ত্রী শুভেচ্ছা বার্তায় অত্যন্ত দায়িত্বশীল এ কর্তব্য পালনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাফল্য এবং তার সুস্বাস্থ্য কামনা করেন। কিরগিজস্তানের প্রেসিডেন্ট সাদির জাপারভ তাঁর বার্তায় বলেন, তিনি বিশ্বাস করেন যে, সরকার প্রধান শেখ হাসিনার কার্যক্রম দুই দেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরো জোরদার করতে এবং বাণিজ্য-অর্থনৈতিক, বৈজ্ঞানিক, প্রযুক্তিগত, সাংস্কৃতিক এবং জনগণের সঙ্গে জনগণের ক্ষেত্রে বহুমুখী কিরগিজ-বাংলাদেশ সহযোগিতার উন্নয়নে অবদান রাখবে। তিনি আশ্বাস দিয়েছেন যে, তারা কিরগিজস্তান ও বাংলাদেশের স্বার্থ রক্ষায় দ্বিপাক্ষিক ও আন্তর্জাতিক বিভিন্ন ইস্যুতে গঠনমূলক সহযোগিতা জোরদার করতে প্রস্তুত। কিরগিজ প্রেসিডেন্ট তাঁর শুভেচ্ছা বার্তায় শেখ হাসিনার সুস্বাস্থ্য, সমৃদ্ধি এবং রাষ্ট্রীয় কাজে সাফল্য কামনা করেন।
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৭.০১.২০২৪ প্রতীক)

### আমাদের সীমান্তরক্ষীরা সতর্ক রয়েছে : পররাষ্ট্রমন্ত্রী

মিয়ানমারের রাখাইন রাজ্যে আবারো উত্তেজনাকর পরিস্থিতি তৈরি হওয়ায় বাংলাদেশের সীমান্তরক্ষীরা সতর্ক রয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। আজ শনিবার দুপুরে রাজধানীর ইস্কাটনে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। ব্রিটিশ পার্লামেন্টের চার সদস্য আজ পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখা করেন। ড. হাছান মাহমুদ বলেন, ব্রিটিশ পার্লামেন্টের চার সদস্য বাংলাদেশের সঙ্গে সম্পর্ক উন্নয়ন করার জন্য সৌজন্য সাক্ষাতে এসেছেন। আমাদের দেশে আরো ইনভেস্টমেন্ট বাড়ানোর জন্য তাদেরকে আমি অনুরোধ করেছি। বিশেষ করে আইসিটি ও এগ্রিকালচার সেক্টরে ইনভেস্টমেন্টের যে সম্ভাবনা আছে, সেটির কথা বলেছি।' প্রতিবেশী দেশ মিয়ানমারের রাখাইন রাজ্যে আবারো উত্তেজনাকর পরিস্থিতি প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'মিয়ানমারের বিষয়ে তাদের সঙ্গে আলোচনা হয়েছে। মিয়ানমারের রাখাইন রাজ্যে যে উত্তেজনাকর পরিস্থিতি, সেটি হঠাৎ করে হয়নি। এটি আরো কয়েকদিন আগে থেকে হয়েছে। আমাদের সীমান্তরক্ষীরা অনেক আগে থেকেই সেখানে সতর্ক রয়েছে। সেখানে কিছুদিন পরপরই উত্তেজনাকর পরিস্থিতি তৈরি হয়। আমরা সবসময় আন্তর্জাতিক সম্প্রদায়ের সহায়তা চেয়েছি। তারা আমাদের সঙ্গে আছে। আন্তর্জাতিক সম্প্রদায়ের পক্ষ থেকে যদি মিয়ানমারের ওপর চাপ প্রয়োগ করা হয় তাহলে তারা তাদের নাগরিকদের ফিরিয়ে নিতে বাধ্য হবে।' গাজা ইস্যুতে দক্ষিণ আফ্রিকার আপিলের প্রেক্ষিতে আন্তর্জাতিক আদালতের রায় প্রসঙ্গে তিনি বলেন, আইসিজে যে রায় দিয়েছে সেটাকে আমরা স্বাগত জানাই। সাউথ আফ্রিকার আপিল আমরা ইতঃপূর্বে সমর্থন জানিয়েছি। ভবিষ্যতে সাউথ আফ্রিকাকে যদি আরো সমর্থন দিতে হয় সেক্ষেত্রে বাংলাদেশ প্রস্তুত আছে। ফিলিস্তিনে যে গণহত্যা হচ্ছে, সেটিও আইসিজের রায়ে বলা হয়েছে। সেখানে গণহত্যা হচ্ছে এবং সেটি বন্ধ করার কথা বলা হয়েছে। এই রায় ফিলিস্তিনে যে গণহত্যা হচ্ছে, মানবতার বিরুদ্ধে অপরাধ সংঘটিত হচ্ছে, সেটি বন্ধ করার ক্ষেত্রে সহায়ক হবে। (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৭.০১.২০২৪ প্রতীক)

### বাংলাদেশের সঙ্গে ভারতের বন্ধুত্ব অব্যাহত থাকবে : ডা. রাজীব রঞ্জন

জমকালো আয়োজনের মধ্যদিয়ে চট্টগ্রামে উদ্‌যাপিত হয়েছে ভারতের ৭৫তম প্রজাতন্ত্র দিবস। শুক্রবার, ২৬ জানুয়ারি রাতে চট্টগ্রাম সহকারী হাইকমিশন প্রাঙ্গণে এ উপলক্ষ্যে সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বাংলাদেশের সংসদ সদস্য, স্থানীয় সরকার কর্তৃপক্ষ, ব্যবসায়িক, মিডিয়া, একাডেমিয়া, সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধিরাসহ বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তিসহ প্রায় দেড়শো অতিথি উপস্থিত ছিলেন। অতিথিরা প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন। এরপর স্বাগত বক্তব্য দেন ভারতের সহকারী হাইকমিশনার ডা. রাজীব রঞ্জন। তিনি বলেন, 'বাংলাদেশের অগ্রগতি ও সমৃদ্ধির যাত্রায় ভারত ঘনিষ্ঠ অংশীদার এবং সত্যিকারের বন্ধু। ভারত ও

বাংলাদেশের জনগণ এবং সরকারের মধ্যে বন্ধুত্ব অব্যাহত থাকবে।' এসময় লোকজ ও বলিউড নৃত্যের সমন্বয়ে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান দর্শকদের মুগ্ধ করে। (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৭.০১.২০২৪ প্রতীক)

## ৩০ জানুয়ারি কালো পতাকা মিছিল করবে বিএনপি

দ্বাদশ জাতীয় সংসদ বাতিল, দ্রব্যমূল্যের উর্ধ্বগতির প্রতিবাদ, দলের চেয়ারপার্সন খালেদা জিয়াসহ সব রাজবন্দির মুক্তির দাবিতে আগামী ৩০ জানুয়ারি, মঙ্গলবার কালো পতাকা মিছিল করবে বিএনপি। আজ শনিবার বিকেলে নয়াপল্টনে কেন্দ্রীয় কার্যালয়ের সামনে কালো পতাকা মিছিল পূর্ব এক সংক্ষিপ্ত বক্তব্যে বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় নতুন এ কর্মসূচি ঘোষণা করেন। তিনি বলেন, `আগামী ৩০ জানুয়ারি দেশের মহানগর, জেলা, থানায় কালো পতাকা মিছিল করবে বিএনপি। এই সরকার ডামি সরকার নয়, এই সরকার সমকামী সরকার।, গয়েশ্বর চন্দ্র রায় বলেন, `দেশের জনগণের বদলে অন্য রাষ্ট্রের সমর্থন নিয়ে সরকার গঠন করলে তাকে বৈধ সরকার বলা যায় না। এই সরকার জনগণের সরকার নয়। এই সরকার চীন, ভারত, রাশিয়া সমর্থিত সরকার।,
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৭.০১.২০২৪ প্রতীক)

## রাজপথে সরকারের বিদায় ঘণ্টা বাজাবে বিএনপি : মঈন খান

রাজপথ থেকেই সরকারের বিদায় ঘণ্টা বাজানো হবে বলে হুংকার দিয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। আজ শনিবার বিকেলে রাজধানীর নয়াপল্টনে দলটির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে কালো পতাকা মিছিলের আগে এক সংক্ষিপ্ত সমাবেশে তিনি এ হুংকার দেন। মঈন খান বলেন, 'সরকারের বিদায় ঘণ্টা বাজাতে রাজপথে নেমেছে বিএনপি। শান্তিপূর্ণ প্রতিবাদের অংশ হিসেবে কর্মসূচি পালন করা হয়েছে। কালো পতাকার কালো আধারে বিদায় নিতে বাধ্য হবে ক্ষমতাসীনরা।' তিনি আরো বলেন, '৭ জানুয়ারি রাষ্ট্রীয় শক্তি ব্যবহার করে নির্বাচন করেছে সরকার। এর মধ্যদিয়ে জনগণের নৈতিক পরাজয় হয়েছে।' দিল্লির শাসনে বাংলাদেশ চলতে পারে না উল্লেখ করে বিএনপির এ নেতা বলেন, 'উপনিবেশ কায়দায় দেশ চালাচ্ছে আওয়ামী লীগ। গণতন্ত্র পুনরুদ্ধার না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ২৭.০১.২০২৪ প্রতীক)

## বিএনপির রাজবন্দিদের মুক্তি দিতে হবে : সমমনা জোট

জাতীয়তাবাদী সমমনা জোটের সমন্বয়ক এবং ন্যাশনাল পিপলস পার্টির চেয়ারম্যান ড. ফরিদুজ্জামান ফরহাদ সরকারকে উদ্দেশ্য করে বলেন, খালেদা জিয়াসহ বিএনপির সকল রাজবন্দিদের মুক্তি দিতে হবে। ২৮ অক্টোবর যে ঘটনা ঘটেছে তার একটা সুষ্ঠু তদন্ত করতে হবে। আজ শনিবার জাতীয় সমমনা জোট আয়োজিত দ্রব্যমূল্যের উর্ধ্বগতির প্রতিবাদ, দ্বাদশ জাতীয় সংসদ বাতিল, বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মুক্তিসহ সকল রাজবন্দিদের মুক্তি, সকল মিথ্যা মামলা প্রত্যাহারসহ এক দফা দাবি আদায়ে কালো পতাকা নিয়ে বিক্ষোভ মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। জাতীয় প্রেস ক্লাব থেকে শুরু হয়ে রাজধানীর বিজয়নগরে আলরাজি কমপ্লেক্সের সামনে কালো পতাকা মিছিল পরবর্তী সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উদ্দেশ্য করে তিনি বলেন, 'আপনি যদি অনতিবিলম্বে নির্বাচন কমিশনকে বাতিল না করেন, পার্লামেন্ট বাতিল না করেন তাহলে এদেশের জনগণকে নিয়ে আমরা এমন আন্দোলন করব, আপনি পালানোর পথ খুঁজে পাবেন না। আপনি দ্রুত নতুন একটি নির্বাচনের ঘোষণা করুন। আপনি দেশকে ধ্বংসের দিকে ঠেলে দেবেন না। কেয়ারটেকার সরকারের অধীনে নির্বাচন দিয়ে মানুষের ভোটের অধিকার পুনঃপ্রতিষ্ঠা করার আহ্বান করছি।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৭.০১.২০২৪ প্রতীক)

## সরকার সম্পূর্ণভাবে সংকটের মধ্য দিয়ে চলছে : মান্না

সরকার সম্পূর্ণভাবে সংকটের মধ্য দিয়ে চলছে বলে মন্তব্য করেছেন নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না। আজ শনিবার দুপুরে জাতীয় প্রেস ক্লাবে এক তরফা নির্বাচন বাতিলসহ শেখ হাসিনার পদত্যাগের দাবিতে বাংলাদেশ কোন পথে ও বর্তমান প্রেক্ষাপট শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। মান্না বলেন, 'নির্বাচনে যারা স্বতন্ত্র হয়ে জয়ী হয়েছে তারা আবার আওয়ামী লীগে ফিরে যেতে চায়। পরিস্থিতি ৭ জানুয়ারির আগে যা ছিল এখন সে রকমই আছে। বরং সরকারের জন্য পরিস্থিতি খারাপ হয়েছে; আমাদের জন্য ভালো হয়েছে। দেশের অর্থনৈতিক পরিস্থিতি দিন দিন খারাপ হচ্ছে। ডলার নেই; আমদানি করা যাচ্ছে না। এমনকি খাদ্যপণ্যও আমদানি করা যাচ্ছে না।' মান্না আরো বলেন, 'নতুন বাণিজ্য প্রতিমন্ত্রী বলেছিলেন, সাত দিনের মধ্যে সিন্ডিকেট বন্ধ করে দেবেন, কই পেরেছেন। সিন্ডিকেট ভেঙেছে? বরং জিনিসপত্রের দাম আরো বেড়েছে।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ২৭.০১.২০২৪ প্রতীক)

## নির্বাচনের খেলা শেষ, এবার হবে রাজনীতির খেলা : সেতুমন্ত্রী

নির্বাচনের খেলা শেষ, এখন রাজনীতির খেলা হবে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। আজ শনিবার বিকেলে রাজধানীর গুলিস্তানে বঙ্গবন্ধু এভিনিউতে অনুষ্ঠিত শান্তি

ও গণতন্ত্র সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। ওবায়দুল কাদের বলেন, 'নির্বাচনের খেলা শেষ, এখন খেলা রাজনীতির। দুর্নীতির বিরুদ্ধে, সাম্প্রদায়িকতার বিরুদ্ধেও খেলা হবে। খেলা হবে হরতাল ও আগুন সন্ত্রাসের বিরুদ্ধে। ৩০ তারিখ আবার বিএনপির কালো পতাকা মিছিল। সেদিন আপনারা লাল-সবুজের পতাকা নিয়ে গণতন্ত্র, শান্তি ও উন্নয়ন সমাবেশ করবেন।' বিএনপিকে ভুয়া দল অভিহিত করে আওয়ামী লীগের শীর্ষ এই নেতা বলেন, 'বিএনপি আবার মাঠে নেমেছে। আন্দোলন করে তারা ভুয়া হয়ে গেছে। এই আন্দোলনে পাবলিক সাড়া দেয় না। অবরোধের ডাক কেউ শোনে না, হরতালে রাস্তায় যানজট। বিএনপির অবরোধ-হরতাল ভুয়া। বিএনপি মানেই হচ্ছে ভুয়া।' ওবায়দুল কাদের আরো বলেন, বিদেশিদের ভয় দেখান? ৪১ দশমিক ৮ শতাংশ ভোটারের ভোটে সরকার গঠিত হয়েছে। এই সরকার জনগণের সরকার, নির্বাচিত সরকার। যেখানে ২৮ দল অংশ নিয়েছে। চীন বা রাশিয়া আমাদের বন্ধু হতে পারে। তবে আমাদের বিদেশি শক্তি ক্ষমতায় বসায়নি। জনগণের ভোটে নির্বাচিত হয়েছি।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৭.০১.২০২৪ প্রতীক)

## জনগণ আওয়ামী লীগকে ভোট দিয়ে বিএনপিকে কালো পতাকা দেখিয়েছে : পররাষ্ট্রমন্ত্রী

জনগণ আওয়ামী লীগকে ভোট দিয়ে বিএনপিকে কালো পতাকা দেখিয়ে দিয়েছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক এবং পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। আজ শনিবার বিকেলে গুলিস্তানে বঙ্গবন্ধু অ্যাভিনিউতে অনুষ্ঠিত শান্তি ও গণতন্ত্র সমাবেশের বক্তব্যে তিনি এ কথা বলেন। আওয়ামী লীগের এই যুগ্ম-সাধারণ সম্পাদক বলেন, 'বিভিন্ন রাষ্ট্রপ্রধান, সরকার প্রধান শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। বাংলাদেশের মানুষ শেখ হাসিনাকে নির্বাচিত করেছে। বিএনপি কালো পতাকা কাকে দেখাতে চায়? জনগণ আওয়ামী লীগকে ভোট দিয়ে বিএনপিকে কালো পতাকা দেখিয়ে দিয়েছে। তাদের আন্দোলনে বিদেশিরা সাড়া দেয়নি। দেশের জনগণ তাদের কালো পতাকা দেখিয়েছে।' তিনি আরো বলেন, 'নির্বাচনের পর বিরোধীরা নতুন ষড়যন্ত্র করতে চায়। ইঁদুর যেমন গর্ত থেকে মিটিমিটি তাকায়, বিএনপিও তেমনি মিটিমিটি তাকিয়ে গর্ত থেকে বের হওয়ার চেষ্টা করছে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৭.০১.২০২৪ প্রতীক)

## জনগণ উন্নয়নের পক্ষে ভোট দিয়েছে : খাদ্যমন্ত্রী

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, 'দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ছিল উন্নয়নকে বেছে নেওয়ার ও আগুন সন্ত্রাসকে প্রত্যাখ্যান করার নির্বাচন। জনগণ সঠিক সিদ্ধান্ত নিয়েছে, উন্নয়নের পক্ষে ভোট দিয়েছে।' আজ শনিবার দুপুরে নওগাঁর নিয়ামতপুর উপজেলার নিয়ামতপুর উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সাধন চন্দ্র মজুমদার চতুর্থবারের মতো সংসদ সদস্য ও দ্বিতীয় মেয়াদে খাদ্যমন্ত্রীর দায়িত্ব পাওয়ায় উপজেলা আওয়ামী লীগ এই সংবর্ধনার আয়োজন করে। খাদ্যমন্ত্রী বলেন, 'বিগত সময়ে নির্বাচিত হয়ে মানুষের পাশে থেকে কাজ করেছি। মানুষকে ভালোবেসেছি, মানুষের ভালোবাসাও পেয়েছি। সামনের দিনগুলোতেও মানুষের সেবায় নিজেকে নিবেদিত রাখার অঙ্গীকার করছি।' তিনি বলেন, 'দেশি-বিদেশি ষড়যন্ত্র নির্বাচনের আগে থেকেই ছিল। দেশের বিরুদ্ধে সেই ষড়যন্ত্র এখনো চলছে। জনগণকে সতর্ক থাকতে হবে।' এ সময় নেতা-কর্মীদের ঐক্যবদ্ধ হয়ে বিএনপির দেশ বিরোধী সকল অপচেষ্টা রুখে দেওয়ার আহ্বান জানান মন্ত্রী।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৭.০১.২০২৪ প্রতীক)

## বিএনপিকে ৫ বছর বোকার মতো তাকিয়ে থাকতে হবে : ড. আব্দুর রাজ্জাক

আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ড. আব্দুর রাজ্জাক বলেছেন, বোকারা ফ্যালফ্যাল করে তাকিয়ে থাকে, হাসে। আমি মনে করি আগামী পাঁচ বছর বিএনপিকে বোকার মতো তাকিয়ে থেকে ফ্যালফ্যাল করে হাসতে হবে।' আজ শনিবার বিকেলে গুলিস্তানে বঙ্গবন্ধু অ্যাভিনিউতে অনুষ্ঠিত শান্তি ও গণতন্ত্র সমাবেশে দেওয়া বক্তব্যে তিনি একথা বলেন। তিনি বলেন, 'কালো পতাকা কাকে দেখাবে? বিএনপির উচিত ছিল, নেতারা যারা ব্যর্থ কর্মসূচি দিয়েছে তাদের কালো পতাকা দেখিয়ে তৃণমূল নেতাদের নেতৃত্বে নিয়ে আসা। এখন বিএনপিকে আগামী পাঁচ বছর নীরব দর্শকের ভূমিকা পালন করতে হবে।' আব্দুর রাজ্জাক বলেন, 'নির্বাচনকে বানচাল করার জন্য এমন কোনো হীন কাজ নেই বিএনপি করেনি। সব ষড়যন্ত্র, বিদেশি ষড়যন্ত্র মোকাবিলা করে আমরা শান্তিপূর্ণ নির্বাচন করেছি। আজকে আমাদের আনন্দের দিন, পঞ্চমবারের মতো আমাদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা দায়িত্ব গ্রহণ করেছেন। শান্তিপূর্ণ নির্বাচনের মধ্য দিয়ে আবার সরকারে এসেছে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ২৭.০১.২০২৪ প্রতীক)

## চট্টগ্রামে শিগগিরই পূর্ণাঙ্গ বার্ন ইউনিটের কাজ শুরু হবে : স্বাস্থ্যমন্ত্রী

চট্টগ্রামে শিগগিরই পূর্ণাঙ্গ বার্ন ইউনিটের কাজ শুরু হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। আজ শনিবার চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে স্থাপন হতে যাওয়া ১৫০ শয্যার বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইউনিটের জন্য নির্ধারিত স্থান ঘুরে দেখে তিনি এ মন্তব্য করেন। স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন বলেন, 'বার্ন ইউনিট নিয়ে অনেকদিন ধরে যুদ্ধ করে আসছি। আমি এই মেডিকেল কলেজের ছাত্র। আমার একটা স্বপ্ন, এখানে যেন একটা বার্ন ইউনিট হয়। আমরা কাজ মোটামুটি গুছিয়ে নিয়ে এসেছি। চীনাদের সঙ্গে সবসময় যোগাযোগ আছে। আগামী

রোববার, ২৮ জানুয়ারি প্রি-একনেক মিটিংয়ে বার্ন ইউনিটের বিষয়টি তোলা হবে। এরপর ডিপিপি পাস হলেই প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলব। সবাই সাহায্য করলে দ্রুত ১৫০ শয্যার বার্ন ইউনিটের কাজ শুরু হবে। পূর্ণাঙ্গ বার্ন ইউনিট হলে চট্টগ্রামে আগুনে পোড়া রোগীরা উন্নত চিকিৎসা পাবে।' এ বার্ন ইউনিটে অত্যাধুনিক আইসিইউ, এইচডিইউ ও ওটি সুবিধা থাকবে বলেও জানান স্বাস্থ্যমন্ত্রী। এদিন সকালে চট্টগ্রাম মেডিকেলে ৩০ শয্যার আইসিইউ ওয়ার্ড উদ্বোধন করেন ডা. সামন্ত লাল সেন। এসময় মন্ত্রী বলেন, 'চমেকের ছাত্র হিসেবে এটি উদ্বোধন করতে পেরে নিজেকে সৌভাগ্যবান মনে করছি। মুমূর্ষু রোগীদের জীবন বাঁচাতে এই ইউনিট ভূমিকা রাখবে বলে আশা করি।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৭.০১.২০২৪ প্রতীক)

## কৃষকদের সঙ্গে প্রথম উঠান বৈঠক করলেন কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী হিসেবে দায়িত্ব পাওয়ায় পর ফসলের উৎপাদন বৃদ্ধি করার জন্য কৃষকদের সঙ্গে সারা দেশে উঠান বৈঠক করার কর্মপরিকল্পনার কথা জানিয়েছিলেন কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুস শহীদ। এর অংশই হিসেবে প্রথম উঠান বৈঠক করেছেন তিনি। আজ শনিবার সকালে শ্রীমঙ্গল উপজেলার নোয়াগাঁও গ্রামের কৃষক ইন্দু ভূষণ পাল নিরুর উঠানে অনুষ্ঠিত এ বৈঠকে পাঁচ শতাধিক কৃষক উপস্থিত ছিলেন। মৌলভীবাজার জেলায় চাষযোগ্য পতিত জমিকে কীভাবে চাষের আওতায় আনা যাবে, কোন জমিতে কী ফসল ফলানো যাবে, সে বিষয়ে আগামী ৫০ দিনের মধ্যে কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য স্থানীয় কৃষি বিভাগকে নির্দেশ দেন মন্ত্রী। কৃষিমন্ত্রী বলেন, 'চাষযোগ্য জমি অনেক। এখন বোরোর মৌসুম, অথচ আমন ধান কাটার পর এখানে সব জমি পতিত পড়ে আছে। এসব জমিকে কীভাবে কাজে লাগানো যায়, সে উপায় খুঁজে বের করতে হবে।' সেচের সমস্যা নিরসনে বিএডিসিকে কর্মপরিকল্পনা নেওয়ার নির্দেশ দেন মন্ত্রী। শ্রমিক সংকট নিরসনে ভর্তুকি মূল্যে আরো বেশি করে কৃষি যন্ত্রপাতি দেওয়া হবে বলে জানান কৃষিমন্ত্রী।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৭.০১.২০২৪ প্রতীক)

## দেশে গত ২৪ ঘণ্টায় ২৮ জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত

দেশে গত ২৪ ঘণ্টায় ২৮ জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এ নিয়ে মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৬ হাজার ৯৬৩ জনে। এই সময়ে করোনায় আক্রান্ত হয়ে কারো মৃত্যু হয়নি। ফলে মোট মৃত্যুর সংখ্যা ২৯ হাজার ৪৮১ জনেই রয়েছে। আজ শনিবার স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, '২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন ৩৬ জন। এ পর্যন্ত সুস্থ হয়েছেন ২০ লাখ ১৪ হাজার ৩৩৯ জন। গত ২৪ ঘণ্টায় পরীক্ষা করা হয় ৪৩২টি নমুনা। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৬ দশমিক ৪৮ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৯ শতাংশ।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ২৭.০১.২০২৪ প্রতীক)

# BBC

### SHIP LINKED TO BRITAIN ON FIRE AFTER HOUTHI ATTACK

A tanker with links to the UK is on fire in the Gulf of Aden after a being hit by a missile fired by the Houthis. The Yemeni movement said it targeted the Marlin Luanda on Friday in response to "American-British aggression". The US and UK have launched air strikes on Houthi targets in response to attacks on ships in the Red Sea region. The US military said the Iran-backed group hit the tanker with an anti-ship ballistic missile and naval ships had responded to its distress signal. (BBC Web Page: 27/01/24, FARUK)

### US APPROVES F-16 FIGHTER JET SALE TO TURKEY

The US government has approved the $23bn sale of 40 new F-16 fighter jets to Turkey - a move that had been long delayed - after Ankara ratified Sweden's accession to NATO. The deal includes modernization kits for 79 existing Turkish F-16s. The US State Department told Congress it had also approved the sale of 40 F-35 fighters to Greece, costing $8.6bn. Turkey ratified Sweden's NATO accession after more than a year of delay that caused tension in the alliance. (BBC Web Page: 27/01/24, FARUK)

### CZECH REPUBLIC MPS VOTE TO TIGHTEN GUN LAWS

MPs in the Czech Republic have approved an amendment tightening gun legislation, a month after the worst mass shooting in the country's history. The amendment - which was proposed before the killings - must still pass through the senate and be signed by the president, and will not come into force until 2026. It's far from revolutionary. The legal amendment - proposed long before the shooting - could close some of these loopholes. It envisages a revamped online register of both guns and their owners. Doctors - including psychiatrists - should have access to it. (BBC Web Page: 27/01/24, FARUK)

**ALABAMA NITROGEN GAS EXECUTION CONDEMNED BY UN**

The UN, EU and anti-death penalty activists have condemned the first execution of a prisoner using nitrogen gas. Kenneth Eugene Smith was put to death Thursday night at a state prison in Atmore, Alabama. A journalist who witnessed the execution told the BBC that Smith thrashed violently on the gurney. Smith was convicted in 1989 of murdering a preacher's wife, Elizabeth Sennett, in a killing-for-hire. The execution process began at 19:53 local time and Smith was pronounced dead about half of an hour later at 20:25.
(BBC Web Page: 27/01/24, FARUK)

**HUGE DIPLOMACY OVER GAZA WAR - BUT LITTLE HOPE FOR THOSE SUFFERING**

The Qatar Emiri Air Force cargo plane, a hulking grey C17, sat by a runway at the sprawling Al Udeid airbase. Deep inside, Britain's Foreign Secretary Lord Cameron, in black loafers and sweater, attempted to push a pallet of humanitarian aid for Gaza into the aircraft, it wouldn't budge. He stepped back while burly Qatari airmen in combat fatigues made some adjustments. But the former British prime minister wasn't giving up, and with a sudden shift, the bundle - part of nearly 30 tonnes of aid including tents and food - began to move into the belly of the plane. (BBC Web Page: 27/01/24, FARUK)

**UN AGENCY PROBES CLAIM STAFF TOOK PART IN HAMAS ATTACK**

The US is pausing funding for the UN agency for Palestinians, UNRWA, over allegations of staff involvement in the 7 October Hamas attacks. UNRWA says it has sacked several people and ordered an investigation into information supplied by Israel. UN Secretary-General Antonio Guterres said he was horrified by this news and has called for a swift investigation. Hamas killed 1,300 people, mostly civilians, in the unprecedented attack. Announce its decision to temporarily halt funding, the US state department said it was extremely troubled by the allegations of UN staff involvement in the attacks.
(BBC Web Page: 27/01/24, FARUK)

**ISRAEL NOT MEETING INTERNATIONAL OBLIGATION ON AID: QATAR**

Israel is not meeting its international obligation to get humanitarian aid into Gaza - says Qatar, who has been working as a mediator. There are many bottlenecks, man-created obstacles, said Lolwah Rashid al-Khater, Qatar's Minister of State for International Cooperation. It comes after the UN's highest legal body recognized that the situation in Gaza is catastrophic. (BBC Web Page: 27/01/24, FARUK)

**END OF MALI PEACE DEAL CONCERNS ALGERIA**

Algeria has expressed its regret and deep concern after the military rulers in neighbouring Mali scrapped a 2015 peace deal with separatist rebels that it had mediated. Algerian Foreign Minister Ahmed Attaf warned of a risk to the whole region. The Algiers accord was meant to see separatist fighters behind a 2012 rebellion in northern Mali Integrated into the armed forces. But it was never fully implemented. In recent months fighting has resumed between the separatists and the army, which is assisted by Russian mercenaries. This came after UN peacekeepers and French troops were told to leave the country.
(BBC Web Page: 27/01/24, FARUK)

**FUNDING PAUSED AS UN STAFF PROBED OVER HAMAS ATTACK**

The UK, Australia, Italy and Canada have become the latest countries to pause funding for the UN agency for Palestinians, UNRWA. This comes after the agency announced the sacking of several of its staff over allegations of involvement in the 7 October Hamas attacks. UNRWA says it has ordered an investigation into information supplied by Israel. UN Secretary-General Antonio Guterres said he was horrified by this news. The EU also said that it would assess further steps based on the result of the full and comprehensive investigation. (BBC Web Page: 27/01/24, FARUK)

**:: THE END ::**